# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 25, 1433 Bangla, May 08, 2026, Friday, No. 125, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed authorities concerned to take urgent measures to support farmers hit by heavy rainfall in the haor region. [R. Today: 18]

India has sought Bangladesh's cooperation on the issue of repatriation of 'illegal Bangladeshi' citizens residing in India. [R. Today: 18]

Bangladesh has sought China's involvement & support in Teesta River Comprehensive Management and Restoration Project as two countries reaffirmed their commitment to further strengthening their strategic cooperative partnership. [R. Today: 19]

Home Minister has said, government has taken a policy decision to gradually withdraw the army from field-level law enforcement duties, as discipline has been restored in the police force. [BBC: 04]

Local Government, Rural Development and Co-operatives Minister has said that the family card, farmer card and canal re-excavation kindle hope amongst the people. [R. Today: 18]

12 more people have died from measles and measles-like symptoms in country. [BBC: 03]

ICT has ordered former minister Dipu Moni, journalists Farzana Rupa and Mozammel Babu to appear before it in a case filed over crimes against humanity committed during the Hefazat-e-Islam rally. [BBC: 04]

The incident of an 11-year-old madrasa student becoming pregnant in Netrakona has sparked a nationwide outcry. Locals allege, the doctor is being threatened with rape & murder for revealing truth. [R. Today: 21]

The UK government has banned a Bangladeshi travel company over allegations of human trafficking. [DW: 10]

Iranian strikes have destroyed at least 228 structures at US military sites across the Middle East since the war began - according to a Washington Post investigation report. [BBC: 08]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**বৈশাখ ২৫, বাংলা ১৪৩৩, মে ০৮, ২০২৬, শুক্রবার, নং- ১২৫, ৫৬তম বছর**

# শিরোনাম

হাওর অঞ্চলে ভারী বর্ষণে ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তায় দ্রুত পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [রে. টুডে: ১৮]

ভারতে অবস্থানরত `অবৈধ বাংলাদেশি, নাগরিকদের প্রত্যাবাসন ইস্যুতে বাংলাদেশের সহযোগিতা চেয়েছে ভারত। [রে. টুডে: ১৮]

তিস্তা নদী সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্পে চীনের সম্পৃক্ততা ও সহায়তা চেয়েছে বাংলাদেশ। একইসঙ্গে দুই দেশ তাদের কৌশলগত সহযোগিতামূলক অংশীদারিত্ব আরও জোরদার করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। [রে. টুডে: ১৯]

পুলিশ বাহিনীকে একটা সুশৃঙ্খল অবস্থায় ফেরত নিয়ে আসতে পারায় সরকার সশস্ত্র বাহিনীর সদস্যদের পর্যায়ক্রমে প্রত্যাহারের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে -- বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। [বিবিসি: ০৪]

ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও খাল খনন কর্মসূচি মানুষের মধ্যে আশার সঞ্চার করেছে -- মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী। [রে. টুডে: ১৮]

দেশে হামের উপসর্গ নিয়ে আরো বারো জনের প্রাণহানি। [বিবিসি: ০৩]

হেফাজতে ইসলামের সমাবেশে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাংবাদিক মোজাম্মেল বাবু ও ফারজানা রুপাকে ট্রাইব্যুনালে হাজির করার নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। [বিবিসি: ০৪]

নেত্রকোনায় ১১ বছরের মাদ্রাসা ছাত্রীর অন্তঃসত্ত্বা হওয়ার ঘটনাকে কেন্দ্র করে দেশজুড়ে চরম উত্তেজনা বিরাজ করছে। অভিযোগ উঠেছে, ঘটনার সত্যতা প্রকাশ করায় নারী চিকিৎসককে ধর্ষণ ও হত্যার হুমকি দেওয়া হয়েছে। [রে. টুডে: ২১]

মানবপাচারের অভিযোগে বাংলাদেশি একটি ট্রাভেল কোম্পানির ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাজ্য সরকার। [ডয়চে ভেলে: ১০]

ওয়াশিংটন পোস্ট জানায়, যুদ্ধ শুরুর পর থেকে ইরানের বিমান হামলায় মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক বাহিনীর ব্যবহৃত ঘাঁটিগুলোর অন্তত ২২৮টি স্থাপনা ধ্বংস হয়েছে। [বিবিসি: ০৮]

# বিবিসি

## মাইলস্টোন কলেজে বিমান দুর্ঘটনায় মুহাম্মদ ইউনূসসহ ১৬ জনের বিরুদ্ধে মামলার আবেদন

ঢাকার উত্তরার দিয়াবাড়ী এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় অবহেলার অভিযোগ তুলে, সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসসহ ১৬ জনের বিরুদ্ধে মামলার আবেদন করা হয়েছে। আজ বৃহস্পতিবার ঢাকার মহানগর হাকিম আরিফুল ইসলামের আদালতে এ আবেদন করেন বিমান দুর্ঘটনায় নিহত শিক্ষার্থী উক্য ছাইং মারমার বাবা উসাইমং মারমা। মামলায় আরও যাদের আসামি করার আবেদন করা হয়েছে, তারা হলেন- ইউনূস সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল, পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, শিক্ষা উপদেষ্টা সি আর আবরার, প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম, সাবেক শিক্ষা সচিব সিদ্দিক জুবায়ের, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব, বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান, এয়ার ভাইস মার্শাল মোরশেদ মোহাম্মদ খায়ের উল আফসার, গ্রুপ ক্যাপ্টেন রিফাত আক্তার জিকু, মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির উপদেষ্টা অবসরপ্রাপ্ত কর্নেল নুরনবী, অধ্যক্ষ মোহাম্মদ জিয়াউল আলম, প্রিন্সিপাল (প্রশাসন) মাসুদ আলম, স্কুল শাখার প্রিন্সিপাল রিফাত নবী, রাজউক চেয়ারম্যান, রাজউকের ফিল্ড সুপারভাইজার (উত্তরা)। মামলার আবেদনের বিবরণ অনুযায়ী, প্রতিদিনের মতো মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা গত বছরের ২১ জুলাই স্কুলে গিয়েছিল। সেদিন দুপুর ১টা ১৮ মিনিটের দিকে আসামিদের সরাসরি দায়িত্বে ও তত্ত্বাবধানে থাকা ত্রুটিযুক্ত প্রশিক্ষণ বিমান এফ-৭ বিজিআই মডেলের যুদ্ধবিমান উড্ডয়নের আদেশ দেওয়া হয়। নবীন পাইলট একা ওই যুদ্ধবিমান উড্ডয়ন করলে `ত্রুটিজনিত কারণে, মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিধ্বস্ত হয়। এই ঘটনায় ২৮ জন শিক্ষার্থী, তিনজন শিক্ষিকা, তিনজন অভিভাবক ও একজন পরিচালকসহ ৩৫ জন মারা যায়। এছাড়া, ১৭২ জন অগ্নিদগ্ধ হয়ে চিরতরে পঙ্গুত্ব বরণ করেন বলে মামলার আবেদনে বলা হয়েছে। মামলার আবেদনে অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে ১২ নম্বর আসামি করা হয়েছে এবং বলা হয়েছে, তিনি সেসময় সশস্ত্র বাহিনী ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন। তাই, এফ-৭ যুদ্ধ বিমানটি তার অধীনস্থ ও নিয়ন্ত্রণাধীন ছিল। একইসঙ্গে বলা হয়েছে, সেসময় তিনি ক্ষতিগ্রস্ত পরিবারকে সর্বোচ্চ ক্ষতিপূরণ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু পরবর্তীতে তিনি তা দেননি। তাই দায়িত্ব পালনে অবহেলা ও প্রতিশ্রুতি ভঙ্গের কারণে এই মামলায় তাকে আসামি করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## জামিনে মুক্তি পেলেন শেখ মুজিবের ৭ মার্চের ভাষণ বাজানো ইমি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল সংসদের সাবেক ভিপি শেখ তাসনিম আফরোজ ইমি বৃহস্পতিবার কারাগার থেকে মুক্তি পেয়েছেন। ঢাকার শাহবাগ থানার সামনে শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ বাজানো এবং নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের নেতা-কর্মীদের সাথে নিয়ে বিক্ষোভ করার অভিযোগে শেখ তাসনিম আফরোজ ইমিকে গ্রেফতার করা হয়েছিল। আজ বৃহস্পতিবার ৭ মে ওই ঘটনার দুই মাস পর জামিনে মুক্তি পান তিনি। তার আইনজীবী অ্যাডভোকেট মুহা. নোমান হোসাইন বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, আজ দুপুর সোয়া ৩টার দিকে কাশিমপুর কারাগার থেকে মুক্তি পান শেখ তাসনিম আফরোজ ইমি। এরপর মিজ ইমির সাথেও কথা হয় বিবিসি বাংলার। টানা ৬১ দিন বাদে কারামুক্তির পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি বলেন, "আমি এখনও ট্রমাটাইজড। কিছুই গুছিয়ে বলার মতো অবস্থায় নাই।„ "৬১ দিন কারাভোগ করা, শুধুমাত্র মুক্তিযুদ্ধের পক্ষে অবস্থান নেওয়ার জন্য, আমি মনে করি, বাংলাদেশের একজন নাগরিক হিসেবে এটা খুবই দুর্ভাগ্যজনক একটা ব্যাপার। বর্তমান সরকার মুক্তিযুদ্ধ নিয়ে অনেক ভোটের রাজনীতি করেছেন, তারাও তো আসলে মুক্তিযুদ্ধকে ধারণ করেন, বিএনপি তো মুক্তিযোদ্ধাদের হাতে গড়া একটা দল,„ যোগ করেন তিনি। তিনি আরও বলেন, "আমি আশা করবো যে, বর্তমান প্রধানমন্ত্রী মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে মুক্তিযুদ্ধের বিরোধী শক্তির হাতে হেনস্তার শিকার হতে দেবেন না।„
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ১২ শিশুর মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ১২টি শিশু মারা গেছে। এদের মাঝে একজন নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। আজ বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে আজ ৭ মে সকাল ৮টা পর্যন্ত নিশ্চিত হামে দেশজুড়ে ৫৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহজনক বা হাম উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা ২৭৯ জন। গত ২৪ ঘণ্টায়, অর্থাৎ গত ৬ মে সকাল ৮টা থেকে আজ ৭ মে সকাল ৮টা পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ২৮৬ জন ও সন্দেহজনক বা হাম উপসর্গে আক্রান্তের সংখ্যা ১ হাজার ২৩৮ জন। এদিকে, গত ১৫ মার্চ থেকে আজ ৭ মে সকাল ৮টা পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৬ হাজার ২০৮ জন ও সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৪৫ হাজার ৪৯৮ জন।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## শাপলা চত্বরের মামলায় দীপু মনি, মোজাম্মেল বাবু, ফারজানা রুপাকে ট্রাইব্যুনালে হাজিরের নির্দেশ

ঢাকার মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে সংঘটিত হত্যাকাণ্ডের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক মন্ত্রী দীপু মনি, একাত্তর মিডিয়া লিমিটেডের সাবেক ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল হক বাবু ও একাত্তর টেলিভিশনের সাবেক প্রধান প্রতিবেদক ফারজানা রুপাকে ট্রাইব্যুনালে হাজির করতে বলা হয়েছে। আগামী সপ্তাহে, অর্থাৎ আগামী ১৪ মে তাদেরকে ট্রাইব্যুনালে হাজির করতে বলা হয়েছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ আজ বৃহস্পতিবার এই আদেশ দেন। পরে ট্রাইব্যুনালে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সাথে কথা বলেছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, ”এই তিনজন...যেহেতু হেফাজতে আছে, আমরা তাদের প্রোডাকশন (হাজির) চেয়েছি। আগামী তারিখে হয়ত এই মামলা তাদের গ্রেফতার দেখানো হবে। সেটা দেখানোর পর, তাদেরকে আমরা সেফ হোমে নিয়ে আমরা আমাদের প্রয়োজনীয় জিজ্ঞাসাবাদ করবো, এই মামলার স্বার্থে।„ উল্লেখ্য, আগামী ৭ জুন এই মামলায় তদন্ত প্রতিবেদন দাখিল করার দিন ধার্য আছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## ইন্টারপোলের সহায়তায় দুবাই থেকে হত্যা মামলার আসামি গ্রেফতার

নরসিংদীর শিবপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও মুক্তিযোদ্ধা মো. হারুনুর রশীদ খান হত্যাকাণ্ডের মামলার এক আসামি আরিফ সরকারকে দুবাই থেকে গ্রেফতার করা হয়েছে। আজ বৃহস্পতিবার পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) এক সংবাদ বিজ্ঞপ্তিতে খবর জানায়। বিজ্ঞপ্তিতে পিবিআই জানিয়েছে, ইন্টারপোলের রেড অ্যালার্টের ভিত্তিতে দুবাই পুলিশ আরিফ সরকারকে গ্রেফতার করে। পরে বাংলাদেশ পুলিশের একটি বিশেষ টিম তাকে দেশে ফিরিয়ে আনে। গতকাল, ৬ মে তাকে আদালতে সোপর্দ করা হয়েছে। ২০২৩ সালের ২৫ ফেব্রুয়ারি শিবপুরে নিজ বাসায় গুলিবিদ্ধ হন হারুনুর রশিদ খান। পরে চিকিৎসাধীন অবস্থায় ৩১ মে তিনি মারা যান। এ ঘটনায় তার ছেলে আমানুর রশীদ খান শিবপুর মডেল থানায় হত্যা মামলা দায়ের করেন। পরে মামলাটির তদন্তভার পায় পিবিআই নরসিংদী। তদন্তে আরিফ সরকারের জড়িত থাকার তথ্য পাওয়ার পর তার বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারি করা হয়।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## সেনাবাহিনীকে পর্যায়ক্রমে মাঠ থেকে সরিয়ে নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, মাঠ থেকে সেনাবাহিনীকে প্রত্যাহারের উদ্যোগ নিচ্ছে সরকার। ”সরকারের নীতিগত সিদ্ধান্ত হলো- আমরা অনির্দিষ্টকালের জন্য মাঠে সেনাবাহিনীকে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের কাজে রাখতে পারবো না,„ বলেছেন তিনি। আজ বৃহস্পতিবার ৭ মে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। ”নির্বাচিত সরকার, রাজনৈতিক সরকার দায়িত্ব গ্রহণ করেছে। আমরা পুলিশ বাহিনীকে একটা সুশৃঙ্খলা অবস্থায় ফেরত নিয়ে আসতে পেরেছি বলে আমাদের বিশ্বাস, জনমনেও বিশ্বাস জন্মেছে। তাই, আমরা সেনাবাহিনীকে পর্যায়ক্রমে মাঠ থেকে প্রত্যাহার করার জন্য উদ্যোগ নিচ্ছি। এটা সত্য।„ ”তবে সেটি আমরা কীভাবে করবো, তা পুলিশ, সেনাবাহিনী ও অন্যান্য সংস্থাগুলো বসে পর্যায়ক্রমে সেই ব্যবস্থাটি নেবে,„ যোগ করেন সালাহউদ্দিন আহমদ।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## 'পশ্চিমবঙ্গে ক্ষমতার বদল' বাংলাদেশ-ভারত সম্পর্কে কী প্রভাব ফেলবে?

পশ্চিমবঙ্গ রাজ্য সরকারে এই প্রথম দুই-তৃতীয়াংশেরও বেশি ভোটের সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ভারতীয় জনতা পার্টি বা বিজেপির জয়ের ফলাফলে, প্রতিবেশী দেশ হিসেবে বাংলাদেশ-ভারত সম্পর্কের ইস্যুটি নতুন করে আলোচনায় এসেছে। নির্বাচনি প্রচারণার সময় বিজেপি নেতারা সে দেশের মুসলিমদের বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হবে বা `পুশ-ইন, করা হবে বলে হুমকি দিয়েছিলেন। এমন প্রেক্ষাপটে পশ্চিমবঙ্গে বিজেপির জয়লাভের পর বাংলাদেশের সীমান্তে সতর্কতা বৃদ্ধির পদক্ষেপের কথা এসেছে। প্রশ্ন উঠেছে, পশ্চিমবঙ্গের রাজ্য ক্ষমতায় যখন বিজেপি এসেছে, তখন দুই দেশের কূটনৈতিক সম্পর্কে কোনো প্রভাব ফেলবে কী না? বাংলাদেশের কূটনৈতিক বিশ্লেষকরা বলছেন, পররাষ্ট্র নীতির ক্ষেত্রে রাতারাতি পরিবর্তন হয় না। নির্বাচনের সময়ের ভোটের রাজনীতি একটি রাষ্ট্রের পররাষ্ট্র নীতিকে পরিবর্তন করে না বা প্রভাব ফেলে না বলে তারা মনে করেন। কিন্তু সাম্প্রদায়িক উত্তেজনা একটি দেশের অভ্যন্তরীণ ঘটনা হলেও, সেটি পার্শ্ববর্তী দেশকে প্রভাবিত করে বলেও শঙ্কা প্রকাশ করছেন তারা। সেক্ষেত্রে বাংলাদেশের সরকারকে সচেতন থাকতে হবে বলে মনে করেন কূটনৈতিক বিশ্লেষকরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক লাইলুফার ইয়াসমিন বিবিসি বাংলাকে বলেন, ”এটা ঠিক, যারা রাষ্ট্র গঠন করে, সাম্প্রদায়িক ইনসিডেন্টের ক্ষেত্রে তাদের একটা প্রচ্ছন্ন সাপোর্ট বা ভূমিকা থাকতে পারে।„ তবে এই বিশ্লেষক মনে করেন, ”পররাষ্ট্রনীতি অনেকটাই কেন্দ্রীয়ভাবে নির্ধারিত হয়। আমার মনে হয় না, কোয়ালিটেটিভ পরিবর্তন আসবে।„ ”কোয়ালিটেটিভ পরিবর্তন„ না আসার কারণ হিসেবে মিজ ইয়াসমিন জানান, ”শীর্ষ পর্যায়ের নেতৃত্বের মধ্যে যদি আন্ডারস্ট্যান্ডিং থাকে, তাহলে ফরেন পলিসির ক্ষেত্রে আমূল কোনো পরিবর্তন আসবে না।„ সাবেক

কূটনীতিক মুন্সি ফয়েজ আহমদ অবশ্য মনে করছেন, দুই দেশই সম্পর্ক উন্নয়নের ইঙ্গিত দিলেও এখনো পুরোপুরি স্থিতিশীল পর্যায়ে পৌঁছায়নি। মি. আহমদ বিবিসি বাংলাকে বলেন, "বাংলাদেশের নতুন সরকারের সাথে ভারতের সরকারের সম্পর্ক এখনো পুরোপুরি স্থিতিশীল পর্যায়ে পৌঁছায়নি। দুইপক্ষ থেকেই ইঙ্গিত দেওয়া হচ্ছে সুসম্পর্কের। কিন্তু এটার জন্য দুই দেশের মাঝে উচ্চপর্যায়ের সফর বিনিময় হলে বুঝতে পারবো সেই অঙ্গীকারটা আছে এবং তারপরে নির্দিষ্ট বিষয়গুলো নিয়ে অগ্রগতির চিন্তা তখন করা যাবে।„

**তিস্তা চুক্তি প্রসঙ্গ**

বাংলাদেশের সঙ্গে ভারতের সবচেয়ে আলোচিত ইস্যু তিস্তা পানিবণ্টন চুক্তি, যেটি অনেকদিন ধরে ঝুলে আছে। ভারতের নরেন্দ্র মোদীর কেন্দ্রীয় সরকার এই চুক্তিতে রাজি হলেও, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর রাজ্য সরকার রাজি ছিল না বলে বরাবরই সেই রাজ্য সরকারের দোহাই দিয়ে আসছিল কেন্দ্রীয় সরকার। তবে, এবারের নির্বাচনে বিজেপির নিরঙ্কুশ বিজয়ের ফলে এখন রাজ্যেও ক্ষমতায় এসেছে দলটি। কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গের রাজ্য সরকার দুই ক্ষেত্রেই ভারতীয় জনতা পার্টি বা বিজেপি সরকার ক্ষমতায় আসছে। ফলে এইক্ষেত্রে দুইদেশের রাজনীতির একটি ইস্যু তিস্তা পানি বণ্টন চুক্তিতে পশ্চিমবঙ্গে বিজেপির জয় কতটা প্রভাব ফেলবে, সেটি সম্পর্কে ভিন্ন ভিন্ন মত দিয়েছেন দুই বিশ্লেষক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক মিজ ইয়াসমিন মনে করছেন, কেন্দ্রীয় সরকারের সমর্থন ছাড়া কোনো চুক্তিই হওয়া সম্ভব নয়। অধ্যাপক মিজ ইয়াসমিন বলেন, "মমতা ব্যানার্জীর ওপর তখন সুযোগ বুঝে দোষ চাপানো হয়। কারণ তিস্তার সাথে শুধু রাজ্য সরকার নয়, কেন্দ্রীয় সরকারের স্বার্থও কিন্তু এটার সাথে জড়িত। কেন্দ্রীয় সরকার ছাড়া কোনো চুক্তিই হওয়া সম্ভব নয়। যেহেতু এটা বিজেপি নিয়ন্ত্রিত সরকার ছিল না, তাই মমতাকে এটার জন্য দায়ী করা বিজেপির পক্ষে সহজ ছিল। কিন্তু "মমতা ব্যানার্জী তিস্তা চুক্তির ব্যর্থতার জন্য এককভাবে দায়ী নন বরং পুরো স্ট্রাকচার দায়ী„ বলে মনে করেন মিজ ইয়াসমিন। সাবেক কূটনীতিক ফয়েজ আহমদ অবশ্য মনে করেন, এখন তিস্তা চুক্তি নিয়ে ইতিবাচক অগ্রগতি দেখতে পাওয়া যাবে। আগে বিজেপির সরকার তৃণমূল কংগ্রেসের নেত্রীর ঘাড়ে দোষারোপ চাপিয়েছিল। "এখনতো কেন্দ্র এবং প্রদেশে একই রকমের সরকার। সুতরাং সমস্যাটা আগের তুলনায় কমে যাওয়ার সম্ভাবনা আছে। বরং আমি মনে করি, ইতিবাচক অগ্রগতি আমরা দেখতেও পারি,„ বলেন মি. আহমদ। তবে এই অগ্রগতি মূলত দুই দেশের সামগ্রিক সম্পর্ক উন্নয়নের ওপর নির্ভর করে বলেও মনে করেন তিনি।

**সীমান্ত নিরাপত্তা**

চব্বিশের গণ-অভ্যুত্থানের পরে ভারত সরকারের সঙ্গে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের সম্পর্কের টানাপড়েন তৈরি হয়েছিল। এর প্রভাব পড়েছিল সীমান্তে নিরাপত্তাসহ দ্বিপাক্ষিক বিভিন্ন ক্ষেত্রে। বাংলাদেশে নতুন নির্বাচিত বিএনপি সরকার সীমান্ত নিরাপত্তাসহ সকল ক্ষেত্রেই ভারতের সঙ্গে আলোচনা করতে ইতিবাচক বলে বিশ্লেষকেরা মনে করেন। বিশ্লেষকেরা বলেন, একটি রাজ্যসভার নির্বাচনের ফলাফলের ওপর ওই রাষ্ট্রের পররাষ্ট্র নীতি নির্ভর করে না। "একটা রাষ্ট্রের ফরেন পলিসি একটা গ্র্যান্ড ডিজাইন। সেই কারণে আমরা দেখি যে, তার ফরেন পলিসির জন্য যদি মনে হয় যে, সীমান্ত সেনসেটাইজ করলে তার সুবিধা হয়, তাহলে করবে। সেক্ষেত্রে রাজ্য সরকার তার পক্ষে হলে সেটা সহজ হয়,„ বলেন অধ্যাপক মিজ ইয়াসমিন। তবে, মি. আহমদ মনে করেন, সাময়িকভাবে উত্তেজনা এখন হলেও পশ্চিমবঙ্গে বিজেপি ক্ষমতায় যাওয়ার পরে পরবর্তীতে সীমান্তের এপাশে-ওপাশে বড়ো রকমের আর কোনো ঝামেলা বা উত্তেজনা হবে না।

**সাম্প্রদায়িক উত্তেজনা**

পশ্চিমবঙ্গের সাথে বাংলাদেশের সীমানা প্রায় দুই হাজার ২১৬ কিলোমিটারের কিছু বেশি। বাংলাদেশ ও ভারত বিশ্বের পঞ্চম বৃহত্তম বর্ডার বা সীমানা ভোগকারী দেশ। এর আগে, বিভিন্ন সময়ে বিজেপি নিয়ন্ত্রিত একাধিক রাজ্যেই মুসলিমদের ওপর নিপীড়ন হতে দেখা গেছে। এমনকি বাংলাদেশও বিভিন্ন সময়ে এসবের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিল। আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক মিজ ইয়াসমিন বলেন, "এটার বিরুদ্ধে বাংলাদেশের পক্ষ থেকে বারবার বলা হয়েছে যে, দুটি দেশ যেহেতু ওয়ার্ল্ডের ফিফথ লার্জেস্ট বর্ডার শেয়ার করে, সেহেতু তাদের ভিতরে ডোমেস্টিক অ্যাফেয়ার্স কী হচ্ছে, সেটার প্রভাব আরেকটি দেশে পড়ে।„ সম্প্রতি জয়লাভের পর একটি মাংসের দোকান বিজেপির সমর্থকরা বুলডোজার দিয়ে ভেঙে দেওয়ার ঘটনায় চারজনকে গ্রেফতার করা হয়েছে। এই কারণে মিজ ইয়াসমিন ইতিবাচকভাবে দেখতে চান উল্লেখ করে বলেন, "দ্রুত পদক্ষেপগুলো একটা আশ্বাস দিতে পারে।„

**আলোচনায় `পুশ-ইন,**

নির্বাচনি প্রচারণার সময় বিজেপি নেতারা সে দেশের মুসলিমদের বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হবে বা পুশইন করা হবে বলে হুমকি দিয়েছিলেন। আর এমন প্রেক্ষাপটে বাংলাদেশের সীমান্তে সতর্কতা বৃদ্ধির পদক্ষেপের কথা এসেছে। এরই মধ্যে, বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ `পুশ-ইন, ইস্যুতে সীমান্তে বাংলাদেশ বর্ডার গার্ড বা বিজিবিকে সতর্ক করা হয়েছে বলে জানিয়েছেন। বুধবার ঢাকার ওসমানি স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক সম্মেলন থেকে বের

হয়ে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি ওই কথা বলেন। বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেইজে এই তথ্য জানানো হয়েছে। বিজেপির জয়ে বাংলাদেশে `পুশ-ব্যাক, বাড়তে পারে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মি. আহমদ বলেন, "আমরা (সোমবার) গতকালকেই বিজিবিকে নির্দেশ দিয়েছি, যাতে সীমান্তে তারা একটু সতর্ক থাকে। কারণ সেরকম কোনো সম্ভাবনা দেখি না, যদি হয় যাতে তারা অ্যাড্রেস করতে পারে। আমার ধারণা সেরকম কিছু ঘটবে না।„ সাবেক কূটনীতিক মি. আহমদ বলছেন, ভোটের রাজনীতিতে করা কোনো মন্তব্য পরবর্তীতে সে দেশের পররাষ্ট্র নীতির ক্ষেত্রে প্রভাব ফেলে না। কিন্তু ক্ষমতায় যাওয়ার পরে কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করবে না পশ্চিমবঙ্গ সরকার।

**বাংলাদেশ সরকারের মনোভাব**

চব্বিশের গণ-অভ্যুত্থানের পর থেকে অন্তর্বর্তী সরকারের আমলে ভারত-বাংলাদেশ সম্পর্কের অবনতি হয়েছিল। ওই সময়ে ভারতের আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশন কার্যালয়ে হামলা ও পতাকা পোড়ানো, ভারতের ভিসা বন্ধ হওয়াসহ নানা ঘটনা দুই দেশের সম্পর্ককে কঠিন পরীক্ষার মুখোমুখি করে। কিন্তু গত ১২ ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনের পর বাংলাদেশের নির্বাচিত সরকার, ভারত সরকার, দুপক্ষই সম্পর্ক উন্নয়নের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে বলে বলা হচ্ছে। তবে নির্বাচনি প্রচারণার শুরু থেকেই পশ্চিমবঙ্গের বিজেপি নেতাদের করা বাংলাদেশের সম্পর্কে নানা ধরনের মন্তব্য, এই সম্পর্ক নিয়ে এক ধরনের শঙ্কা তৈরি করে। পশ্চিমবঙ্গে বিজেপির জয় নিশ্চিত হওয়ায় দুই দেশের সম্পর্কের বিষয়টি বাংলাদেশের সরকার কীভাবে দেখছে, সেটি নিয়েও আলোচনা ওঠে। এরই মধ্যে, সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী শামা ওবায়েদ সাংবাদিকদের জানিয়েছেন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারে যেই থাকুক না কেন, অমীমাংসিত বিষয়গুলোর সমাধানে বাংলাদেশ একই দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করবে। সংখ্যালঘু মুসলমানদের অবৈধ হিসাবে চিহ্নিত করে বাংলাদেশের দিকে ঠেলে দেওয়ার বিষয়ে বিজেপি নেতাদের বক্তব্যের সম্পর্ক সাংবাদিকদের এক প্রশ্নে তিনি ওই কথা বলেন বলে বাংলাদেশের গণমাধ্যমে এ খবর প্রকাশিত হয়েছে। "বিজেপি বা অন্য কোনো রাজনৈতিক দল হোক, আমাদের দিক থেকে আমাদের ওদের সাথে পানির ইস্যু আছে, পুশব্যাকের যে ইস্যুটা বললেন, ওটা আছে। আরও অনেক ইস্যু আছে। সেই ইস্যুগুলোতো আমাদের রয়ে যাচ্ছে। সেগুলো যেই সরকার আসুক না কেন বা থাকুক না কেন, তাদের সাথে আমাদের আলোচনার ভিত্তিতে সমাধান করতে হবে,„ বলেন মিজ ওবায়েদ। পরদিন মঙ্গলবার ঢাকায় জেলা প্রশাসক সম্মেলনের আরেকটি অনুষ্ঠানের পর এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ-ভারত সম্পর্কে প্রতিমন্ত্রী বলেন, ভারতের নির্বাচন ভারতের অভ্যন্তরীণ ব্যাপার। 'বাংলাদেশ ফার্স্ট' এই ফরেন পলিসি অনুযায়ী বাংলাদেশ সম্পর্ক এগিয়ে নেবে বলেও উল্লেখ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। "বাংলাদেশ প্রথম বা ফার্স্ট নীতিতে আমাদের ফরেন পলিসি, যেই সরকারই আসুক না কেন, সেই ইস্যুতে আমাদের ফরেন পলিসি পরিবর্তন হবে না। আমরা আমাদের ফরেন পলিসি নিয়েই সবার সাথে আলোচনার ভিত্তিতে আগাবো„ বলেন মিজ ওবায়েদ।

(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৫.২০২৬ আলী আহমেদ)

## 'প্রতিনিয়ত বার্তা পাচ্ছি- কেউ যদি হরমুজ ক্রসের চেষ্টা করো, অ্যাটাক করবো'

"মোবাইল ফোনে মিসাইল হামলার সতর্কবার্তা পাচ্ছি। প্রতিনিয়ত ওয়্যারলেস নেটওয়ার্কে বিভিন্ন বার্তা দেওয়া হচ্ছে। বার্তা পাচ্ছি- কেউ যদি হরমুজ ক্রসের চেষ্টা করো, অ্যাটাক করা হবে, বিবিসি বাংলাকে কথাগুলো বলছিলেন সংযুক্ত আরব আমিরাতের কাছে সাগরে আটকে পড়া 'বাংলার জয়যাত্রার, প্রধান প্রকৌশলী রাশেদুল হাসান। বাংলাদেশের বাণিজ্যিক জাহাজ 'এমভি বাংলার জয়যাত্রা' গত ২৬ জানুয়ারি মধ্যপ্রাচ্যের জলসীমায় প্রবেশ করে। এরপর ইরান যুদ্ধ শুরু হওয়ার পর, সেটি কয়েক দফায় চেষ্টা করেছে, কিন্তু হরমুজ প্রণালি থেকে বের হতে পারেনি। বরং, এরপর থেকে জাহাজটি ঘুরছে মধ্যপ্রাচ্যের বিভিন্ন জলসীমায়। বাংলার জয়যাত্রা জাহাজটিতে নাবিক, ইঞ্জিনিয়ারসহ মোট ৩১ জন ক্রু রয়েছেন। তাদের কয়েকজন বলছেন, ইরান যুদ্ধ শুরুর পর চোখের সামনে মুহুর্মুহু মিসাইল হামলা, কখনও বিধ্বস্ত মিসাইলের ভাঙা অংশ এসে আশপাশের কোনো জাহাজে পড়তেও দেখছেন তারা। এমন পরিস্থিতি, সেখান থেকে কবে হরমুজ পাড়ি দিয়ে নিরাপদে উপসাগরীয় এলাকা ছাড়তে পারবেন, জানেন না জাহাজটিতে থাকা বাংলাদেশি নাবিকদের কেউ। জাহাজটির ক্যাপ্টেন মো. শফিকুল ইসলাম বুধবার বিবিসি বাংলাকে বলেন, "আমরা এমন একটা জায়গায় আটকা পড়ছি, ধরে নিতে পারেন, এটা একটা পুকুর। আমাদের বের হওয়ার রাস্তা একটাই, সেটা হরমুজ। জানি না কবে বের হতে পারবো।„ জাহাজটির কর্মকর্তারা জানান, বর্তমানে হরমুজ থেকে বের হওয়ার অপেক্ষায় রয়েছে বিশ্বের বিভিন্ন কোম্পানির অন্তত ২,২৭৩টি জাহাজ। এদের মধ্যে যুক্তরাজ্য-ইসরায়েলসহ বিভিন্ন দেশের জাহাজও রয়েছে। এরই মধ্যে আটকা পড়া বাংলাদেশি জাহাজটিকে সেখান থেকে বের করে আনতে কূটনীতিক চ্যানেলে ইরানের সঙ্গে কয়েক দফায় যোগাযোগও করার কথা জানিয়েছে সরকার।

বাংলাদেশ শিপিং করপোরেশন বা বিএসসি ব্যবস্থাপনা পরিচালক কমডোর মাহমুদুল মালেক বিবিসি বাংলাকে বলেছেন, ইরানের সাথে আলোচনা করে বাংলাদেশ জাহাজটিকে যখন বের করে আনার পর্যায়ে নিয়ে এসেছিল, ঠিক তখন আবার সংঘাতময় পরিস্থিতি তৈরি হয়েছে। যে কারণে এটি নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। এদিকে, বুধবার ইরানের

ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসির নৌবাহিনী জানিয়েছে যে, ”আগ্রাসীদের হুমকি বন্ধ হলে হরমুজ প্রণালি আবারও খুলে দেওয়া হতে পারে।„

**প্রায় চার মাস পারস্য উপসাগরে**

`বাংলার জয়যাত্রা' জাহাজটি মধ্যপ্রাচ্যের জলসীমায় প্রবেশ করে চলতি বছরের জানুয়ারি মাসের ২৬ তারিখ। এরপর মধ্যপ্রাচ্যের বিভিন্ন বন্দরে পণ্য নিয়ে যায় জাহাজটি। পরে গত ২৬ ফেব্রুয়ারি কাতারের একটি বন্দর থেকে প্রায় ৩৯ হাজার মেট্রিক টন স্টিল কয়েল নিয়ে দুবাইয়ের জেবেল আলী বন্দরে গিয়েছিল এমভি বাংলার জয়যাত্রা। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা শুরুর পর, ওই বন্দরে জাহাজটির দু-শো মিটারের মধ্যে ক্ষেপণাস্ত্র হামলা হয়। এর মধ্যেও সেখানে পণ্য খালাস শেষে জাহাজটির পরবর্তী গন্তব্য ভারতের মুম্বাই বন্দর ঠিক হলেও, আরব আমিরাতের কোস্ট গার্ড নিরাপত্তার কথা জানিয়ে বাধা দিলে জাহাজটি গভীর জলসীমায় অবস্থান নেয়। যুক্তরাষ্ট্রের সাথে ইরানের যুদ্ধবিরতি শুরু হলে ৮ এপ্রিল হরমুজ প্রণালি পার হতে সৌদি আরবের রাস আল খাইর বন্দর থেকে যাত্রা শুরু করেছিল জাহাজটি। জাহাজের প্রধান প্রকৌশলী রাশেদুল হাসান বুধবার বিবিসি বাংলাকে জানান, ”সেই জানুয়ারি থেকেই গালফের মধ্যে আছি। মধ্যপ্রাচ্যের দেশগুলোর কয়েকটি জায়গায় পণ্য আনা নেওয়ার পর আমরা বেশ কিছুদিন ধরে সংযুক্ত আরব আমিরাতের জলসীমায় রয়েছি।„ প্রায় এক মাস ধরে মিনা সাকারের অদূরে গভীর সমুদ্রে অবস্থানের পর মিসাইল হামলার শঙ্কায় জাহাজটি অবস্থান বদল করে গত সোমবার।

**দুই দফায় হরমুজ পাড়ি দেওয়ার চেষ্টা**

যুক্তরাষ্ট্রের সাথে ইরানের যুদ্ধবিরতি শুরু হলে, ৮ এপ্রিল হরমুজ প্রণালি পার হতে সৌদি আরবের রাস আল খাইর বন্দর থেকে যাত্রা শুরু করেছিল 'বাংলার জয়যাত্রা'। কিন্তু ইরানি কর্তৃপক্ষের অনুমতি না পাওয়ায় তখন জাহাজটি হরমুজ প্রণালি পার হতে পারেনি। পরে ইরান আবার হরমুজ প্রণালি পুরোপুরি খুলে দেওয়ার ঘোষণা দিলে বাংলাদেশি পতাকাবাহী জাহাজটি হরমুজের দিকে রওয়ানা হয়। কিন্তু, হরমুজ প্রণালির ২০ নটিক্যাল মাইলের মধ্যে যাওয়ার পর ইরানের নৌ বাহিনী জাহাজটির হরমুজ প্রণালি অতিক্রমের আবেদন প্রত্যাখ্যান করে ফিরে যাওয়ার নির্দেশ দেয়। বুধবার জাহাজের ক্যাপ্টেন মো. শফিকুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, যুদ্ধবিরতির পর আমরা বের হয়ে আসতে কয়েকবার উদ্যোগ নিয়েছি। দুইবার হরমুজ অভিমুখে অগ্রসর হওয়ার পর আবার সতর্কবার্তা পেয়ে ফেরত আসতে হয়েছে।„ তিনি জানান, গত সোমবার পর্যন্ত জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের 'মিনা সাকার' বন্দরের জলসীমায় ছিল। পরে সেটিকে সরিয়ে এনে নোঙর করা হয় শারজাহর কাছে। এমভি বাংলার জয়যাত্রা এখন দুবাই থেকে ২৩ নটিক্যাল মাইল এবং শারজাহ বন্দর থেকে ২১ নটিক্যাল মাইল দূরে পারস্য উপসাগরে নোঙর করে আছে। এ সপ্তাহের শুরুতে বাংলাদেশের পতাকাবাহী জাহাজটি হরমুজের দিকে রওনা দেয়। সেখান থেকে গ্রিন সিগন্যাল না পেয়ে আবার ফেরত এসে বুধবার সংযুক্ত আরব আমিরাতের জলসীমায় অবস্থান করছিল জাহাজটি।

জাহাজটিতে থাকা নাবিক ও কর্মকর্তারা বিবিসি বাংলাকে বলেছেন, যখনই জাহাজটি হরমুজ প্রণালির দিকে অগ্রসর হতে গেছে, কিংবা তাদের কাছে থেকে অনুমতি নিতে গেছে, তখনই সেখান থেকে ওয়্যারলেস বার্তায় সতর্ক করা হচ্ছে। এমন কয়েকটি ওয়্যারলেস বার্তায় ইরানের আইআরজিসি ও নৌবাহিনীর (যেটিকে সংক্ষেপ সিফা নেভি বলা হয়) পক্ষ থেকে বলতে শোনা যায়, ”কোনোভাবেই হরমুজ অতিক্রম করা যাবে না। হরমুজের দিকে অগ্রসর হলেই আক্রমণের শিকার হতে হবে।„ কয়েকদিনের যুদ্ধবিরতির পর রোববার সংযুক্ত আরব আমিরাতের অন্যতম তেল শোধনাগার ফুজাইরাহতে মিসাইল হামলার ঘটনার পর পরিস্থিতি আবারও বদলে যায়। তখন উপকূলের কাছাকাছি এলাকা থেকে আবারও মধ্য সমুদ্রে অবস্থান নেয় `বাংলার জয়যাত্রা, জাহাজটি। জাহাজের ক্যাপ্টেন ইসলাম জানান, বর্তমানে জাহাজটি হরমুজ প্রণালি থেকে ৭৪ নটিক্যাল মাইল, ইরান সীমান্ত থেকে ৪৩ নটিক্যাল মাইল এবং সংযুক্ত আরব আমিরাত উপকূল থেকে ১২ নটিক্যাল মাইল দূরে গভীর সমুদ্রে নোঙর করে আছে।

**ঝুঁকি, ভয় ও অনিশ্চয়তায় নাবিকেরা**

বিএসসির মালিকানাধীন জাহাজটি সিঙ্গাপুরভিত্তিক একটি প্রতিষ্ঠানের অধীনে ভাড়ায় পরিচালিত হচ্ছে। জাহাজটির ৩১ জন নাবিকের সবাই বাংলাদেশি। জাহাজটির হরমুজ প্রণালি পার হয়ে সার নিয়ে দক্ষিণ আফ্রিকার কেপটাউন ও ডারবানে যাওয়ার কথা ছিল। এই জাহাজটির মতো আরো ২২০০-এরও বেশি জাহাজ পারস্য উপসাগর জুড়ে বিভিন্ন জায়গায় নোঙর করে আছে, হরমুজ পাড়ি দেওয়ার অপেক্ষায়। গত ফেব্রুয়ারির শেষ দিকেও জাহাজটিতে থাকা নাবিকেরা সাক্ষী হয়েছিলেন সেই ভয়াবহ ইরান যুদ্ধের। সমুদ্রের মাঝে থেকে দিন-রাত দেখেছেন অসংখ্য মিসাইল, ড্রোন হামলা আর যুদ্ধের দামামা। জাহাজের প্রধান প্রকৌশলী রাশেদুল হাসান বিবিসি বাংলাকে বলেন, ”মার্চে আমরা যখন দুবাই পোর্টে ছিলাম, মুহুর্মুহু হামলা দেখেছি, বিভিন্ন তেলের টার্মিনালে দিন-রাত যখন হামলা হয়, তখন ঘুমানোর মতো কোনো পরিস্থিতি থাকে না। সামনে থেকে সেগুলো যখন দেখছি, তার বিভীষিকা দেখেছি। চরম আতঙ্কে থাকতাম।„ যুদ্ধ পরিস্থিতিতে বিশ্ব বাণিজ্যের গুরুত্বপূর্ণ এ প্রণালি দিয়ে জাহাজ চলাচল কার্যত এখন একদমই বন্ধ রয়েছে। গত সোমবার একটি দক্ষিণ কোরিয়ার একটি জাহাজে মিসাইল হামলার ঘটনা ঘটেছে। ইরান যুদ্ধ শুরুর পর

থেকে বুধবার পর্যন্ত ২৬টি জাহাজে হামলার ঘটনা ঘটেছে বলে জানিয়েছে যুক্তরাজ্যের সামুদ্রিক কর্তৃপক্ষ ইউকেএমটিও (ইউকে মেরিটাইম ট্রেড অপারেশনস)। তারা বলছে, ২৮ ফেব্রুয়ারি থেকে পারস্য উপসাগর, ওমান উপসাগর এবং হরমুজ প্রণালির "ভেতরে ও আশপাশে" মোট ৪৬টি ঘটনার খবর পেয়েছে তারা। এর মধ্যে ২৬টি ছিল হামলা, ১৮টি ছিল "সন্দেহজনক তৎপরতা" সংক্রান্ত প্রতিবেদন এবং এর পাশাপাশি দুটি ছিনতাইয়ের ঘটনাও রিপোর্ট করা হয়েছে।

এদিকে, দেড় মাসেরও বেশি সময় ধরে পারস্য উপসাগরে আটকে থাকা নাবিকেরা কিছুটা দুশ্চিন্তায় রয়েছে। বাংলার জয়যাত্রায় থাকা নাবিকেরা জানিয়েছেন, আটকা পড়া অন্য দেশের কোনো কোনো জাহাজে নাবিকদের পরিবর্তন করে নতুন নাবিকরা দায়িত্ব নিয়েছেন। বাংলার জয়যাত্রার ক্যাপটেন মি. ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "আমরা আমাদের রুটিন কাজ করে যাচ্ছি। যেহেতু জাহাজটি রানিংয়ে আছে, তাই নাবিকরা কিছুটা রিল্যাক্সে আছে। তবে প্রতিনিয়ত তাদের কিছু ভয়াবহ অভিজ্ঞতার মধ্যে দিয়ে যেতে হচ্ছে।" "এরকম অবস্থায় আগে কখনও পড়িনি। কখনও জাহাজের ওপর দিয়ে মিসাইল যাচ্ছে, কখনও পাশের জাহাজে ডেবরিজ (মিসাইলের ভাঙা অংশ) পড়তেছে। এমন পরিস্থিতি শুধু আমরা একা না, সব দেশের, সব জাহাজের নাবিকদের এমন অভিজ্ঞতার মুখোমুখি হতে হচ্ছে," বলছিলেন তিনি।

নাবিকেরা জানান, নাবিকদের তাদের পরিবারের সাথে যোগাযোগ রাখার জন্য স্টার লিংকের মাধ্যমে ইন্টারনেট সেবা দেওয়া হচ্ছে। এর বাইরেও জাহাজে থাকা স্যাটেলাইট ইন্টারনেটের মাধ্যমে অনেকে যোগাযোগ করছে পরিবারের সঙ্গে।

**দাম বাড়ছে কয়েকগুণ, কূটনৈতিক তৎপরতা**

বেশ কিছুদিন ধরে বাংলার জয়যাত্রা জাহাজটি আটকা পড়ার কারণে এতে খাদ্য, পানিসহ নানা সংকট দেখা তৈরিও হয়েছে। এ সপ্তাহে খাবার পানি সংগ্রহের জন্য মিনা সাকার বন্দরের জলসীমা থেকে শারজাহ বন্দরে গিয়েছিল জাহাজটি। জাহাজের নাবিকরা বলছেন, যুদ্ধের কারণে বর্তমানে পানিসহ বিভিন্ন খাদ্য পণ্যের দাম বেড়ে গেছে কয়েকগুণ। সেগুলো সংগ্রহও করতে বহু সময় লাগছে। জাহাজটির ক্যাপ্টেন মো. শফিকুল ইসলাম বুধবার বিবিসি বাংলাকে বলেন, "অনেক জাহাজে পানি শেষ হয়ে গেছে। আমাদেরও শেষ হয়ে গিয়েছিল। পানির দাম বেড়েছে। প্রায় ১০০ নটিক্যাল মাইল দূরে গিয়ে পানি আনতে হচ্ছে। এখানে এক লিটার পানির দাম ১০০ টাকা।" এমন অবস্থায় নাবিকরাও হরমুজ থেকে বের হওয়ার অপেক্ষায় আছেন। প্রধান প্রকৌশলী রাশেদুল হাসান বিবিসি বাংলাকে বলেন, "সম্প্রতি চারটা জাহাজের সাথে আমরা মুভ করেছিলাম। কিন্তু কোনো জাহাজই মুভ করতে পারেনি, আমরা অপেক্ষায় আছি।" বিএসসি ব্যবস্থাপনা পরিচালক কমডোর মাহমুদুল মালেক বিবিসি বাংলাকে জানান, হরমুজ প্রণালি থেকে জাহাজটি বের করতে তারা চেষ্টা চালাচ্ছেন। মি. মালেক বলেন, "কূটনীতিক চ্যানেলে আইআরজিসির সাথে পররাষ্ট্র মন্ত্রণালয় যোগাযোগ করিয়ে দিয়েছে। আইআরজিসির পক্ষ থেকে বিভিন্ন তথ্য চাচ্ছে, সেই তথ্যগুলো আমরা সরবরাহ করছি। তারা বিষয়গুলো পর্যালোচনা করছে।" তিনি জানান, হরমুজ অতিক্রম করতে যখন টোল দাবি করেছিল ইরান, বাংলাদেশ তাতে রাজিও ছিল। কিন্তু তাতে বাধ সাধে যুক্তরাষ্ট্র। যে কারণে সেই সিদ্ধান্ত থেকে সরে আসতে হয়েছে। "তারা যে পরিমাণ টোল চায়, সে পরিমাণ টোল দিলে আমরা হয়ত বের হয়ে আসবো। এর মধ্যে ট্রাম্প বললেন, যদি কেউ টোল দেয়, সেই দেশের ওপর স্যাংশন দিয়ে দেবে। আমরা এখন একটা উভয় সংকটের মধ্যে পড়ছি।" তবে, তিনি জানিয়েছেন, জাহাজটির নাবিকদের যেন কোনো সংকটে না পড়তে হয়, সে কারণে তাদের বাড়তি আর্থিক সহযোগিতাসহ সব ধরনের সহযোগিতা করা হচ্ছে। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৫.২০২৬ আলী আহমেদ)

## মার্কিন ঘাঁটিগুলোর অন্তত ২২৮টি স্থাপনা ক্ষতিগ্রস্ত করেছে ইরান, ওয়াশিংটন পোস্টের প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের মার্কিন সংবাদপত্র ওয়াশিংটন পোস্ট বুধবার প্রকাশিত এক বিশেষ প্রতিবেদনে লিখেছে যে, পত্রিকাটির স্যাটেলাইট চিত্র বিশ্লেষণ অনুযায়ী, যুদ্ধ শুরুর পর থেকে ইরানের বিমান হামলায় মধ্যপ্রাচ্যে "মার্কিন সামরিক বাহিনী ব্যবহৃত ঘাঁটি বা স্থাপনাগুলোর অন্তত ২২৮টি স্থাপনা ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়েছে।" ওয়াশিংটন পোস্ট জানায়, এসব হামলায় লক্ষ্যবস্তু ছিল মধ্যপ্রাচ্য অঞ্চলে অবস্থিত মার্কিন ঘাঁটিগুলোর "বিমান সংরক্ষণ কাঠামো, ব্যারাক, জ্বালানি ডিপো, বিমান, এবং গুরুত্বপূর্ণ রাডার, যোগাযোগ ও বিমান প্রতিরক্ষা সরঞ্জাম"। মার্কিন এই সংবাদপত্রটি লিখেছে, "ক্ষয়ক্ষতির পরিমাণ যুক্তরাষ্ট্র সরকারের কখনও স্বীকার করা বা এর আগে কোনো প্রতিবেদনে উঠে আসা যে-কোনো তথ্যের চেয়ে অনেক বেশি"। কয়েক দিন আগে, মার্কিন সংবাদমাধ্যম সিএনএন একই ধরনের এক প্রতিবেদনে অঞ্চলের অন্তত ১৬টি মার্কিন ঘাঁটিতে "ব্যাপক ক্ষয়ক্ষতির" কথা জানিয়েছিল। এখন ওয়াশিংটন পোস্ট লিখছে, কর্মকর্তাদের মতে বিমান হামলার হুমকি "অঞ্চলের কিছু মার্কিন ঘাঁটিকে স্বাভাবিকভাবে সেনা মোতায়েনের জন্য অত্যন্ত বিপজ্জনক করে তুলেছে, এবং কমান্ডাররা যুদ্ধ শুরুর সময় থেকেই তাদের বাহিনীর একটি বড়ো অংশকে ইরানি হামলার আওতার বাইরে সরিয়ে নিয়েছেন।" তবে এক সামরিক মুখপাত্র ওয়াশিংটন পোস্টকে জানান, ঘাঁটিগুলোর ক্ষয়ক্ষতি নিয়ে "বিশেষজ্ঞদের বর্ণনাকে ব্যাপক ধ্বংস বা ব্যর্থতার লক্ষণ হিসেবে ব্যাখ্যা করা উচিত নয়"", কারণ ক্ষতির পরিমাণ নির্ধারণ জটিল এবং কিছু ক্ষেত্রে "ভুল ধারণা সৃষ্টি করতে পারে"। সামরিক মুখপাত্র ওয়াশিংটন পোস্টকে আরও বলেন, যুদ্ধ শেষ হলে সামরিক কমান্ডাররা ইরানের হামলা সম্পর্কে আরও পূর্ণাঙ্গ চিত্র দিতে পারবেন। গত সপ্তাহে, মার্কিন যুদ্ধমন্ত্রী পিট

হেগসেট কংগ্রেসে ঘোষণা দেন যে, ইরানের সঙ্গে যুদ্ধের ব্যয় হবে ২৫ বিলিয়ন বা ২৫০০ কোটি ডলার। তবে একইসঙ্গে তিনি স্বীকার করেন যে, এই যুদ্ধে ব্যবহৃত গোলাবারুদ ও সামরিক সরঞ্জাম পুনরায় সংগ্রহ করতে মাস বা বছর লেগে যেতে পারে। এদিকে, ইরানের সঙ্গে যুদ্ধ শুরুর পর পেন্টাগন যুক্তরাষ্ট্রের কংগ্রেসের কাছে ২০২৭ অর্থবছরের জন্য ১.৫ ট্রিলিয়ন ডলারেরও বেশি বাজেট চেয়েছে, যা আগের তুলনায় ৪০ থেকে ৫০ শতাংশ বৃদ্ধি নির্দেশ করে। (বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনা নয়, হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ইরানের হাতেই থাকা উচিত

ইরানের নতুন সর্বোচ্চ নেতার উপদেষ্টা ও বিপ্লবী গার্ড বাহিনীর সাবেক প্রধান মোহসেন রেজায়ী বলেছেন, পারমাণবিক ইস্যুতে ইরান ”কারও সঙ্গে আলোচনা করবে না„ এবং হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ইরানের হাতেই থাকা উচিত। ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইসনার বরাতে বলা হয়েছে, বিপ্লবী গার্ডের সাবেক কমান্ডার এবং বর্তমানে ইরানের এক্সপেরিয়েন্সড কাউন্সিলের সদস্য মোহসেন রেজায়ী সতর্ক করে বলেন, ”হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা ইরানের হাত থেকে বেরিয়ে গেলে শত্রুপক্ষ আবারও এটিকে ইরান ও এর জনগণের বিরুদ্ধে অস্ত্র হিসেবে ব্যবহার করবে।„ তিনি বলেন, ”ইরানি মডেল জোর দেয় যে, অঞ্চলের নিরাপত্তা নিশ্চিত করবে অঞ্চলের দেশগুলো নিজেরাই এবং বিদেশি বাহিনী, তা আমেরিকান হোক বা ইউরোপীয়- অঞ্চল ত্যাগ করা উচিত।„ এর আগে, মোহসেন রেজায়ী এক কঠোর বক্তব্যে বলেন, ইরানের সামরিক বাহিনী সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে এবং ”আমাদের আঙুল ট্রিগারের ওপর রয়েছে।„ (বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## বিপিএলে বেটিং ও ফিক্সিং-এর অভিযোগে ৫ জনকে সাময়িক নিষিদ্ধ করল বিসিবি

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) বেটিং ও ফিক্সিং-এর অভিযোগে পাঁচজনকে সাময়িকভাবে নিষিদ্ধ করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। বিসিবি জানিয়েছে, একটি টিম ম্যানেজার মো. লাবলুর রহমান ও ফ্র্যাঞ্চাইজি কো-ওনার (সহ-মালিক) মো. তৌহিদুল হক তৌহিদের বিরুদ্ধে তদন্তে সহযোগিতা না করা এবং প্রাসঙ্গিক তথ্য গোপন বা মুছে ফেলার অভিযোগ আনা হয়েছে। একই ধরনের অভিযোগে তাদের সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়েছে এবং ১৪ দিনের মধ্যে জবাব দিতে বলা হয়েছে। অন্যদিকে, দেশীয় ক্রিকেটার অমিত মজুমদার ও টিম ম্যানেজার রেজওয়ান কবির সিদ্দিকের বিরুদ্ধে ম্যাচ সংক্রান্ত বাজিতে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেছে। এই অভিযোগের পরিপ্রেক্ষিতে তাদেরও সাময়িকভাবে নিষিদ্ধ করে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। এদিকে, পৃথক এক সিদ্ধান্তে সামিনুর রহমানকে বিপিএল সংশ্লিষ্ট সব কার্যক্রম থেকে নিষিদ্ধ করেছে বিসিবি। তদন্তে সামিনুর রহমানের বিরুদ্ধে একাধিক আসরে বেটিং চক্রের সঙ্গে যোগাযোগ এবং দুর্নীতিমূলক কার্যক্রমে সম্পৃক্ততার অভিযোগ উঠে এসেছে। তিনি এ সিদ্ধান্ত মেনে নিয়েছেন বলে জানিয়েছে বোর্ড।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

# রেডিও তেহরান

## ইউনূস-রিজওয়ানা-আসিফ নজরুলদের বিরুদ্ধে মামলা নেননি আদালত

বাংলাদেশের রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় শিক্ষার্থীদের নিহতের ঘটনায় সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও অন্তর্বর্তী সরকার সাবেক উপদেষ্টা আসিফ নজরুল, রিজওয়ানা হাসানসহ ১৬ জনের বিরুদ্ধে করা মামলার আবেদন খারিজ করেছেন আদালত। আজ বৃহস্পতিবার সকালে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালতে মামলাটির আবেদন করেন নিহত শিক্ষার্থীর উক্য ছাইং মারমার বাবা উসাইমং মারমা। আদালত তখন বাদীর জবানবন্দি রেকর্ড করে আদেশ অপেক্ষমাণ রাখেন। বিকেলে মামলা গ্রহণ করার মতো তথ্য না থাকায় খারিজের আদেশ দেন আদালত। সংশ্লিষ্ট আদালতের সহকারী পেশকার শাহাদাত হোসেন খারিজের বিষয়টি নিশ্চিত করেন। ২০২৫ সালের ২১ জুলাই উত্তরার দিয়াবাড়ীতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমানবাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়। এতে ৩৬ জন নিহত হয়, এর মধ্যে ২৮ জনই শিক্ষার্থী। বিমানের পাইলট ফ্লাইট লেফটেন্যান্ট মো. তৌকির ইসলামও নিহত হন।

মামলায় বাদী করা আবেদনে বলা হয়, মুহাম্মদ ইউনূস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাহী ক্ষমতার প্রধান ছিলেন এবং ওই সময় তিনি সশস্ত্র বাহিনী ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন। তার অধীন ও নিয়ন্ত্রণাধীন বিমানবাহিনীর একটি যুদ্ধবিমান ওই দুর্ঘটনার সঙ্গে জড়িত। দুর্ঘটনার পর তিনি গণমাধ্যমে ক্ষতিগ্রস্ত পরিবারকে সর্বোচ্চ ক্ষতিপূরণ দেওয়ার ঘোষণা দিলেও তা বাস্তবায়িত হয়নি বলে অভিযোগ করা হয়েছে। দায়িত্ব পালনে অবহেলা, প্রতিশ্রুতি ভঙ্গ ও প্রতারণার অভিযোগও আনা হয়েছে তার বিরুদ্ধে। অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ নজরুল, রিজওয়ানা হাসান এবং প্রেসসচিব শফিকুল আলমের বিরুদ্ধে অভিযোগে বলা হয়, তারা দুর্ঘটনার পর আহতদের চিকিৎসা, প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ সরবরাহ এবং উদ্ধার কার্যক্রমে কার্যকর নির্দেশনা দিতে ব্যর্থ হন। এদিকে, শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগে বলা হয়, তাদের তত্ত্বাবধানে প্রতিষ্ঠান পরিচালিত হলেও, পর্যাপ্ত

নিরাপত্তা-ব্যবস্থা, জরুরি বহির্গমন পথ ও মানসম্মত সিঁড়ি নিশ্চিত করা হয়নি। খামখেয়ালিভাবে প্রতিষ্ঠান পরিচালনার কারণেই এত প্রাণহানি ঘটেছে বলে দাবি করা হয়েছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৭.০৫.২০২৬ নারগীস)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্র ও ইরান সম্ভাব্য শান্তি চুক্তির কাছাকাছি : প্রতিবেদন

মার্কিন সংবাদ সংস্থা অ্যাক্সিওস বুধবার জানিয়েছে যে, ওয়াশিংটনের কর্মকর্তারা মনে করছেন, তারা ইরানের সঙ্গে একটি শান্তি চুক্তি স্বাক্ষরের কাছাকাছি রয়েছেন। তবে, তেহরানের নেতারা বলছেন, প্রস্তাবে ”অগ্রহণযোগ্য„ দিক রয়েছে। অ্যাক্সিওস জানায়, প্রস্তাবটি হচ্ছে এক পৃষ্ঠার একটি `সমঝোতা স্মারক,। এ বিষয়ে অবগত সরকারি কর্মকর্তা ও অন্যান্যদের উদ্ধৃতি দিয়ে অ্যাক্সিওস জানায়, ১৪ দফার এই প্রস্তাবে যুদ্ধ বন্ধ করা, হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়া এবং ইরানের পারমাণবিক কর্মসূচির ওপর সীমাবদ্ধতা আরোপ করা অন্তর্ভুক্ত। সূত্রগুলো জানিয়েছে, তেহরান কতদিনের জন্য ইউরেনিয়াম সমৃদ্ধকরণ বন্ধ রাখবে, তা নিয়ে আলোচনা চলছে। তাদের মতে, এই সময়কাল হবে ন্যূনতম ১২ বছর, তবে একটি সূত্র ১৫ বছরের একটি সম্ভাব্য আপোশের প্রস্তাবের কথা জানিয়েছে। ওয়াল স্ট্রিট জার্নাল পত্রিকা জানায়, উভয়পক্ষই মধ্যস্থতাকারীদের সঙ্গে কাজ করছে এবং পাকিস্তানে আগামী সপ্তাহেই আলোচনা শুরু হতে পারে। ট্রাম্প বুধবার সাংবাদিকদের বলেন, ”গত ২৪ ঘণ্টায় খুব ভালো আলোচনা হয়েছে।„ তিনি বলেন, ”একটি চুক্তিতে পৌঁছানোর সম্ভাবনা খুব বেশি।„ ইরানের তাসনিম বার্তা সংস্থা একটি সূত্রের উদ্ধৃতি দিয়ে জানায়, তেহরান এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি। সূত্রটি এই বলে সতর্ক করে দিয়েছে যে যুক্তরাষ্ট্রের হুমকিতে ”কাজ হবে না„ এবং তা পরিস্থিতিকে ”আরও খারাপ„ করে তুলবে।(এনএইচকে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### রাশিয়ায় মানব পাচারের অভিযোগে যুক্তরাজ্যে বাংলাদেশি কোম্পানির ওপর নিষেধাজ্ঞা

মানবপাচারের অভিযোগে বাংলাদেশি একটি ট্রাভেল কোম্পানির ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাজ্য সরকার। মঙ্গলবার যুক্তরাজ্যের পররাষ্ট্র মন্ত্রণালয় (ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস) এই নিষেধাজ্ঞার ঘোষণা দেয় বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। এই নিষেধাজ্ঞার ঘোষণা যুক্তরাজ্য সরকারের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। যুক্তরাজ্যের পররাষ্ট্র মন্ত্রণালয় সে দেশের বৈশ্বিক অনিয়মিত অভিবাসন ও মানব পাচারসংক্রান্ত নিষেধাজ্ঞা বিধিমালা ২০২৫-এর আওতায় বাংলাদেশি ট্র্যাভেল কোম্পানিটির বিরুদ্ধে এই ব্যবস্থা নিয়েছে। তারা বলছে, বাংলাদেশি ট্র্যাভেল কোম্পানিটি রাশিয়ায় মানবপাচারের সঙ্গে জড়িত। পাচারের শিকার বাংলাদেশিদের রাশিয়ার হয়ে ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধ করতে বাধ্য করা হয়। যুক্তরাজ্যের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞার এই ঘোষণায় বাংলাদেশসহ একাধিক দেশের ১৭ ব্যক্তি–প্রতিষ্ঠানের নাম তালিকাভুক্ত করা হয়েছে। তালিকায় ৫ নম্বরে রয়েছে বাংলাদেশি কোম্পানিটির নাম। নথির তথ্য অনুযায়ী, যুক্তরাজ্য সরকারের নিষেধাজ্ঞায় পড়া বাংলাদেশি কোম্পানিটির নাম ড্রিম হোম ট্র্যাভেলস অ্যান্ড ট্যুরস লিমিটেড। কোম্পানিটির ঠিকানা হিসেবে ঢাকার বনানীর একটি বাড়ির তথ্য নথিতে উল্লেখ করা হয়েছে। আরোপিত নিষেধাজ্ঞার পদক্ষেপের মধ্যে সম্পদ জব্দের বিষয়টি রয়েছে। নিষেধাজ্ঞার কারণ হিসেবে বলা হয়েছে, এ ব্যাপারে সন্দেহের যুক্তিসংগত কারণ রয়েছে যে, ড্রিম হোম ট্র্যাভেলস অ্যান্ড ট্যুরস লিমিটেড যুক্তরাজ্যের ২০২৫ সালের বৈশ্বিক অনিয়মিত অভিবাসন ও মানব পাচারসংক্রান্ত নিষেধাজ্ঞা বিধিমালার আওতাভুক্ত একটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান। কারণ, প্রতিষ্ঠানটি মানব পাচার সংশ্লিষ্ট কার্যকলাপে জড়িত ছিল বা আছে। নিষেধাজ্ঞার কারণ ব্যাখ্যা করতে গিয়ে যুক্তরাজ্য সরকার আরো বলেছে, বিশেষভাবে ড্রিম হোম ট্রাভেলস অ্যান্ড ট্যুরস লিমিটেড প্রতারণার মাধ্যমে বাংলাদেশি নাগরিকদের নিয়োগ কার্যক্রমে জড়িত ছিল। পরে তাদের শোষণ করেছে। প্রতিষ্ঠানটি রাশিয়ার সেবা খাতে উচ্চ বেতনের চাকরির বিজ্ঞাপন দিয়েছিল। তবে, বাংলাদেশি নাগরিকেরা রাশিয়ায় পৌঁছানোর পর তাদের জোর করে ইউক্রেনের বিরুদ্ধে রাশিয়ার আগ্রাসী যুদ্ধের সম্মুখসারিতে যুদ্ধ করতে বাধ্য করা হয়।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৫ ২০২৬ রনি)

### বায়ুদূষণে বিশ্বের এক নম্বর শহর হলো ঢাকা

বৃহস্পতিবার সকালে বায়ুদূষণের নিরিখে ঢাকা ছিল বিশ্বের সবচেয়ে দূষিত শহর। সুইজারল্যান্ডভিত্তিক প্রতিষ্ঠান আইকিউএয়ারের তথ্য বলছে, ঢাকার বায়ুদূষণের মান ছিল ১৭৭, যা অস্বাস্থ্যকর। দ্বিতীয় স্থানে ছিল জাকার্তা, সেখানে বায়ুর মান ছিল ১৫৯। অথচ, বুধবার সন্ধ্যা ৬টা থেকে ৯টা পর্যন্ত ঢাকায় ২৬ মিলিমিটার বৃষ্টি হয়েছে। বৃষ্টি হলে বায়ুদূষণের পরিমাণ কমে। অথচ, বৃহস্পতিবার সকালে সবচেয়ে দূষিত শহর ছিল ঢাকা। কেন এই অবস্থা? ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো এই বিষয়ে বায়ুমান বিশেষজ্ঞ ও বায়ুমণ্ডলীয় দূষণ অধ্যয়ন কেন্দ্রের (ক্যাপস) চেয়ারম্যান আহমেদ কামরুজ্জামান মজুমদারের সঙ্গে কথা বলেছে। তিনি বলেছেন, ”উন্মুক্ত অবস্থায় নির্মাণসামগ্রী পড়ে আছে, খোলা অবস্থায় সবকিছু ফেলে রাখা হয়েছে। পথ দিয়ে যাওয়া গাড়িগুলোর চাকায় এসব ধুলাবালু জমবে আর সেগুলো পড়বে বড়ো সড়কে। রাজধানীতে অন্তত ৩০০ জায়গা পাবেন এমন। এগুলোর কোনো রক্ষণাবেক্ষণ নেই। বৃষ্টি হলে

তাই সাময়িকভাবে হয়ত দূষণ কমছে, কিন্তু এসব স্থান থেকে দ্রুত আবার ধুলাবালু ছড়িয়ে পড়ছে। আর এর সঙ্গে ত্রুটিযুক্ত যানবাহন তো আছে। সেগুলোর একটিও তো হাঁকডাক দিয়ে বন্ধ করা যায়নি।„ কামরুজ্জামান মজুমদার বলছিলেন, শুধু নির্মাণকাজের সময় দূষণ রোধে ব্যবস্থা নেওয়া গেলে বায়ুর মান কিছুটা হলেও ফিরবে। এ কাজের দায়িত্ব সিটি করপোরেশনের। এ জন্য তাদের কোনো আলাদা করে প্রকল্পের দরকার নেই। তাদের বিদ্যমান আইনেই করণীয় লেখা আছে। কিন্তু সিটি করপোরেশনগুলোর এসব দিকে ভ্রূক্ষেপ নেই।
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৭.০৫ ২০২৬ রনি)

## জাগো নিউজ

### জুলাই গণহত্যার বিচার ও রাষ্ট্র সংস্কারের দায়িত্ব এনসিপিকেই নিতে হবে : নাহিদ ইসলাম

জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা বাস্তবায়ন এবং রাষ্ট্র সংস্কারের দায়িত্ব জাতীয় নাগরিক পার্টিকেই (এনসিপি) নিতে হবে বলে মন্তব্য করেছেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম। নির্বাচনের আগে সংস্কারের কথা বললেও, এখন অনেক রাজনৈতিক দলের অবস্থান বদলে গেছে বলে অভিযোগ করেন তিনি। বৃহস্পতিবার (৭ মে) বিকেলে চট্টগ্রাম প্রেস ক্লাবের জুলাই স্মৃতি হলে এনসিপিতে যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, বাংলাদেশের সংস্কার এবং জুলাই গণহত্যার বিচার বাস্তবায়নের দায়িত্ব এনসিপিকেই নিতে হবে। এজন্য তরুণ প্রজন্ম ও গণ-অভ্যুত্থানে অংশ নেওয়া সবাইকে সংসদ ও রাজপথে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি। ভারতের পশ্চিমবঙ্গের সাম্প্রতিক নির্বাচনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, সেখানে মুসলিম ও মতুয়া সম্প্রদায়ের ভোটাধিকার হরণ এবং নির্যাতনের অভিযোগ বাংলাদেশেও প্রভাব ফেলতে পারে। তিনি বলেন, দক্ষিণ এশিয়ায় সংখ্যালঘুদের জন্য সবচেয়ে নিরাপদ রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে গড়ে তুলতে হবে।
দেশের সব ধর্মাবলম্বীর নিরাপত্তা ও নাগরিক অধিকার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে নাহিদ ইসলাম বলেন, সাম্প্রদায়িক উসকানি ও অপপ্রচারের বিরুদ্ধে সবাইকে সতর্ক থাকতে হবে। জুলাই গণ-অভ্যুত্থানে নারীদের অংশগ্রহণের প্রসঙ্গ তুলে তিনি বলেন, আন্দোলনের সময় চট্টগ্রামের হাজারো নারী রাজপথে সক্রিয় ছিলেন। তবে পরবর্তী সময়ে তাদের রাজনৈতিকভাবে সংগঠিত রাখা যায়নি, যা সাংগঠনিক ব্যর্থতা। ভবিষ্যতে নারীদের জন্য নিরাপদ রাজনৈতিক পরিবেশ তৈরির প্রতিশ্রুতিও দেন তিনি। দেশে হামের প্রকোপ ও শিশু মৃত্যুর ঘটনায় উদ্বেগ জানিয়ে এনসিপির এই নেতা বলেন, শুধু আগের সরকারের ওপর দায় চাপিয়ে দায়িত্ব এড়ানো যাবে না। বর্তমান সরকারকেও জবাবদিহির আওতায় আসতে হবে। শিশুদের সুচিকিৎসা ও আইসিইউ সুবিধা নিশ্চিত করার দাবি জানান তিনি। দলের নেতা-কর্মীদের উদ্দেশ্যে নাহিদ ইসলাম বলেন, ঐক্যই এনসিপির সবচেয়ে বড়ো শক্তি। তিনি অভ্যন্তরীণ বিভেদ ভুলে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান। বক্তব্যের শেষ দিকে তিনি চট্টগ্রামের বিপ্লবী ঐতিহ্যের কথা স্মরণ করে বলেন, সূর্যসেন থেকে শুরু করে জুলাই গণ-অভ্যুত্থান পর্যন্ত এ অঞ্চলের সংগ্রামের ইতিহাস রয়েছে। সেই চেতনা ধারণ করেই সংগঠনকে আরও শক্তিশালী করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

### অনুমতি ছাড়া হজে কঠোর সৌদি, বাংলাদেশিদের সতর্ক করলো ধর্ম মন্ত্রণালয়

অনুমতি ছাড়া হজ পালনের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে সৌদি আরব। অতিরিক্ত ভিড় নিয়ন্ত্রণ ও হাজিদের নিরাপত্তা নিশ্চিত করতে কঠোর হজবিধি কার্যকর করেছে দেশটি। এ অবস্থায় বাংলাদেশি নাগরিকদের সৌদি আরবের নির্ধারিত হজবিধি কঠোরভাবে মেনে চলার আহ্বান জানিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়। বৃহস্পতিবার (৭ মে) মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, বৈধ হজ পারমিট ছাড়া হজ পালন বা পালনের চেষ্টা করলে সর্বোচ্চ ২০ হাজার সৌদি রিয়াল জরিমানা হতে পারে বিদেশি নাগরিকদের ক্ষেত্রে। এর পাশাপাশি, বহিষ্কার এবং সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত সৌদি আরবে প্রবেশে নিষেধাজ্ঞা দেওয়া হতে পারে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, শুধু অবৈধভাবে হজ পালনের চেষ্টা করলেই নয়, এ ধরনের কর্মকাণ্ডে সহায়তাকারীদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। অবৈধ হাজিদের পরিবহণ, আবাসন বা অন্য কোনোভাবে সহযোগিতা করলে ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সর্বোচ্চ এক লাখ সৌদি রিয়াল পর্যন্ত জরিমানা গুনতে হতে পারে। জড়িত ব্যক্তির সংখ্যার ভিত্তিতে এ জরিমানার পরিমাণ আরও বাড়তে পারে। এ বিধান ট্রাভেল এজেন্সি, আবাসন সেবা প্রদানকারী, যানবাহনের মালিক এবং অবৈধ হাজিদের আশ্রয়দানকারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে বলে জানিয়েছে সৌদি কর্তৃপক্ষ। একইসঙ্গে এসব কাজে ব্যবহৃত যানবাহন আইনগত প্রক্রিয়া শেষে জব্দ করা হতে পারে বলেও সতর্ক করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজঃ০৭.০৫.২০২৬ রিহাব)

### আওয়ামী লীগ বিএনপিকে হাইজ্যাক করেছে : হাসনাত আবদুল্লাহ

আওয়ামী লীগ, বিএনপিকে হাইজ্যাক করেছে বলে মন্তব্য করেছেন সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। বৃহস্পতিবার (৭ মে) চট্টগ্রামে বিভিন্ন রাজনৈতিক নেতা ও নাগরিকদের এনসিপিতে যোগদান অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। হাসনাত আবদুল্লাহ বলেন, সারা দেশে যখন রাজনৈতিক অস্থিরতার কালবৈশাখি ঝড় বইছে, তখন প্রতিকূল পরিবেশেও চট্টগ্রামে আন্দোলনের বসন্ত

ধরে রাখা হয়েছে। এজন্য তিনি চট্টগ্রামের নেতা-কর্মীদের প্রতি কৃতজ্ঞতা জানান। ক্ষমতাসীন বিএনপির বর্তমান অবস্থানের সমালোচনা করে এনসিপি নেতা বলেন, বিএনপি সরকারে আসার পর সংস্কারবিরোধী অবস্থানে চলে গেছে। তিনি প্রশ্ন তোলেন- "আবু সাঈদ, মুগ্ধ ও চট্টগ্রামের সন্তান ওয়াসিম যে স্বপ্নের জন্য রক্ত দিয়েছিলেন, বিএনপি আজ সেই আকাঙ্ক্ষা থেকে কেন পিছিয়ে আসছে?„ তিনি আরও বলেন, "বিএনপি আজ আওয়ামী লীগের দ্বারা হাইজ্যাক হয়ে গেছে।„ ১৭ বছর ত্যাগ স্বীকার করা বিএনপির নেতা-কর্মীদের প্রসঙ্গ টেনে হাসনাত আবদুল্লাহ বলেন, যারা অর্থ, শ্রম ও জেল-জুলুম সহ্য করে দলটিকে টিকিয়ে রেখেছিলেন, তারা এখন বঞ্চিত ও ব্যথিত। এসব নেতা-কর্মীর অনেকে বর্তমানে এনসিপিতে যোগ দিতে আগ্রহী বলে তিনি দাবি করেন।

দলীয় কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, ঘরে ঘরে গিয়ে নীরব বিপ্লবের বার্তা পৌঁছে দিতে হবে। যারা প্রকৃত সংস্কারপন্থি ও দেশপ্রেমিক, তাদের এনসিপির পতাকাতলে আনতে হবে। জুলাই আন্দোলনে চট্টগ্রামের নারীদের ভূমিকার প্রশংসা করে এনসিপি নেতা বলেন, আন্দোলনে নারীরা অসামান্য বীরত্ব দেখিয়েছিলেন। তবে পরবর্তী সময়ে তাদের যথাযথ মূল্যায়ন ও রাজনৈতিকভাবে সংগঠিত করা সম্ভব হয়নি। তিনি নারী নেতৃত্বকে আরও শক্তিশালী করার আহ্বান জানান। চট্টগ্রামের রাজনৈতিক গুরুত্ব তুলে ধরে হাসনাত আবদুল্লাহ বলেন, যখনই ঢাকায় আন্দোলন থমকে যাওয়ার উপক্রম হয়েছে, চট্টগ্রাম থেকেই তা নতুন গতি পেয়েছে। বক্তব্যের শেষ দিকে তিনি এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের একটি প্রতিশ্রুতির কথা উল্লেখ করেন। তিনি বলেন, আগামী ১০ বছরের মধ্যে যদি বাংলাদেশের কাঠামোগত পরিবর্তন না হয়, তবে নাহিদ ইসলাম রাজনীতি ছেড়ে দেবেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ২০২৭ সালেই বিদ্যুৎ মিলবে রূপসাকেন্দ্রে, প্রতি ইউনিটে খরচ ৫ টাকা

ইরানে হামলা-পাল্টা হামলার জেরে বিশ্বের বিদ্যুৎ সংকটের আঁচ বাংলাদেশেও লেগেছে। ফলে অসমাপ্ত বিদ্যুৎ প্রকল্পগুলো নিয়ে ফের আলোচনা শুরু হয়েছে। ঠিক এ সময়ে খুলনার খালিশপুরের `রূপসা ৮০০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্র, প্রকল্প নিয়ে আশাবাদী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিষ্ঠান নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি (নওপাজেকো)। ২০১৮ সালে, খুলনা নিউজ প্রিন্ট মিলস লিমিটেডের ৫০ একর পরিত্যক্ত জমিতে `রূপসা ৮০০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্র, প্রকল্পের কাজ শুরু হয়। প্রকল্পটির নির্মাণকাজের অগ্রগতি হয়েছে ৯৪ শতাংশ। বর্তমানে চলছে কমিশনিংয়ের কাজ। সব ঠিক থাকলে ২০২৭ সালেই এই কেন্দ্র থেকে সাশ্রয়ী বিদ্যুৎ মিলবে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানির (নওপাজেকো) অধীনে প্রকল্পটি ২০২২ সালের ডিসেম্বরে শেষ হওয়ার কথা ছিল। কিন্তু গ্যাসের অভাবে বাণিজ্যিক উৎপাদন পিছিয়েছে ২০২৭ সাল পর্যন্ত। ৮ হাজার ৪৯৮ কোটি টাকার এই প্রকল্পে ২১ শতাংশ ব্যয় সাশ্রয় হয়েছে। রূপসা বিদ্যুৎকেন্দ্রের জন্য দেওয়া এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) সাড়ে ৪ হাজার কোটি টাকার ঋণ ২৫ বছরে পরিশোধ করতে হবে। উৎপাদন পিছিয়ে যাওয়ায় ঋণের কিস্তি পরিশোধ তিন বছর পিছিয়ে দেওয়ার আবেদন করা হয়েছে। কাঙ্ক্ষিত গ্যাস না পাওয়া গেলে আংশিকভাবে বিদ্যুৎকেন্দ্রটি চালু রাখা যাবে। সেক্ষেত্রে ১৮০ থেকে ২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে। বিদ্যুৎকেন্দ্রটি পূর্ণ সক্ষমতায় চালু করতে প্রতিদিন প্রয়োজন হবে ১২৬ মিলিয়ন ঘনফুট গ্যাস।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## বগুড়ায় আন্তর্জাতিক বিমানবন্দর ও নতুন বিমান ঘাঁটির ঘোষণা

বগুড়া এয়ারফিল্ডকে আন্তর্জাতিক মানের বিমানবন্দরে উন্নীত করার আনুষ্ঠানিক পরিকল্পনা গ্রহণ করেছে সরকার। একইসঙ্গে এখানে বিমানবাহিনীর একটি পূর্ণাঙ্গ ঘাঁটি স্থাপন এবং পাইলট তৈরির জন্য একটি ফ্লাইং একাডেমি প্রতিষ্ঠার ঘোষণা দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৭ মে) দুপুরে বগুড়া এয়ারফিল্ড ও সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন শেষে এক প্রেস ব্রিফিংয়ে সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী ও বিমানবাহিনী প্রধান এসব তথ্য জানান। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম, প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, এলজিআরডি প্রতিমন্ত্রী মীর শাহে আলম এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান। ব্রিফিংয়ে জানানো হয়, প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী, বগুড়াকে উত্তরবঙ্গের প্রথম আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে গড়ে তোলা হচ্ছে। বিশেষ করে, আন্তর্জাতিক কার্গো সুবিধা নিশ্চিত করার ওপর জোর দেওয়া হয়েছে, যাতে এই অঞ্চলের উৎপাদিত কৃষিপণ্য এবং লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পের মালামাল সরাসরি বিদেশে রপ্তানি করা যায়। এলজিআরডি প্রতিমন্ত্রী মীর শাহে আলম জানান, আন্তর্জাতিক মানের এই বিমানবন্দরের জন্য ১০ হাজার ৫০০ ফুটের একটি রানওয়ে তৈরির সিদ্ধান্ত হয়েছে। যার ফিজিবিলিটি স্টাডি দ্রুত শুরু হবে। বিমানবন্দর ও ঘাঁটি এলাকায় ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ক্ষতিগ্রস্তদের বাজারমূল্যের তিনগুণ অর্থ প্রদান করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## ইস্টার্ন রিফাইনারির ট্যাংকে এলো ক্রুড অয়েল, আজ চালু হতে পারে প্ল্যান্ট

বন্ধ থাকা দেশের একমাত্র রাষ্ট্রায়ত্ত তেল শোধনাগার কেন্দ্র, ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের (ইআরএল) মূল প্ল্যান্ট চালু করতে সৌদি আরব থেকে আসা এক লাখ টন ক্রুড অয়েল ট্যাংকে পৌঁছেছে। সব কিছু ঠিক থাকলে আজ বৃহস্পতিবার রাতে অথবা আগামীকাল শুক্রবার সকালে পুনরায় চালু হবে গত তিন সপ্তাহ ধরে বন্ধ থাকা প্ল্যান্টটি। বৃহস্পতিবার (৭

মে) দুপুর ১২টায় ইস্টার্ন রিফাইনারি পিএলসির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী শরীফ হাসনাত জাগো নিউজকে এসব তথ্য জানিয়েছেন। এর আগে, গতকাল বুধবার দুপুর ১২টার পর সৌদি আরব থেকে এক লাখ টন ক্রুড নিয়ে আসা ট্যাংকার জাহাজ `এমটি নিনেমিয়া, কুতুবদিয়া অ্যাংকরে নোঙর করে। পরে রাত ১০টার দিকে জাহাজটি থেকে লাইটারিং শুরু হয়। জাহাজটি খালাসে ব্যবহার করা হয় ৬টি লাইটার জাহাজ। মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতির কারণে ক্রুড অয়েলের চরম সংকটে পড়া রিফাইনারিটি এপ্রিলের মাঝামাঝি পর্যন্ত লো ফিডে চালু রাখা হয়। তবে গত ১৪ এপ্রিল থেকে এর উৎপাদন কার্যক্রম বন্ধ হয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## জুনের মধ্যে সোলার নীতি, কমবে কর : বিদ্যুৎমন্ত্রী

সোলার খাতে দেশকে এগিয়ে নিতে জুনের মধ্যে নীতি প্রণয়ন ও কর কমিয়ে আনা হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। তিনি বলেন, আমাদের দেশ সোলারের জন্য প্রস্তুত। এখন দরকার নীতিগত সহায়তা। নীতি সহায়তা পেলে এ খাত এগিয়ে যাবে। বৃহস্পতিবার (৭ মে) রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত `পাওয়ার, এনার্জি অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার এক্সপো ২০২৬,-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## বাগেরহাটে জামায়াত নেতাকে কুপিয়ে হত্যা

বাগেরহাটের চিতলমারীতে জামায়াত নেতাকে মুজাহিদ মোল্লাকে (৪০) কুপিয়ে হত্যা করেছেন এক ব্যক্তি। বৃহস্পতিবার (৭ মে) সকাল ৭টার দিকে উপজেলার হিজলা গ্রামে হত্যাকাণ্ডের এ ঘটনা ঘটে। মুজাহিদ মোল্লা চিতলমারীর হিজলা গ্রামের সরোয়ার জাহান মোল্লার ছেলে। তিনি জামায়াত ইসলামীর হিজলা গ্রামের ৩ নম্বর ওয়ার্ডের সভাপতি। স্থানীয়দের বরাত দিয়ে পুলিশ জানায়, সকাল ৭টার দিকে বাড়ির সামনে দোকানে বসা ছিলেন মুজাহিদ মোল্লা। এ সময় স্থানীয় বাইজিদ ইজারাদার নামে এক ব্যক্তি তার দোকান থেকে জুস কেনেন। সেই জুস হাতে নিয়ে তিনি মুজাহিদকে বলেন, এটা ভালো না। এ সময়ের মুজাহিদ জুসটি খেয়ে তাকে জানান, এটা খারাপ না। এ নিয়ে তাদের মধ্যে বাগ্‌বিতণ্ডা শুরু হয়। এক পর্যায়ে বাইজিদের হাতে থাকা হাসুয়া দিয়ে তার গলায় কোপ দেয়। পরে তাকে গুরুতর আহত অবস্থায় উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। হিজলা ইউনিয়নের জামায়াত ইসলামীর আমির সোহেল শেখ বলেন, এটি জঘন্যতম একটি অপরাধ। এই হত্যার পেছনে রাজনৈতিক বা ব্যক্তিগত কোনো দ্বন্দ্ব আছে কি না, তা খতিয়ে দেখে সঠিক বিচার দাবি করছি। চিতলমারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, ঘটনার পরপরই পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং বাইজিদ ইজাদারকে গ্রেফতার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## সিটিটিসির অভিযানে চাঁদাবাজ ও মাদক কারবারিসহ গ্রেফতার ৩

রাজধানীর পল্টন মডেল থানাধীন এলাকায় অভিযান পরিচালনা করে চাঁদাবাজ ও মাদক কারবারিসহ তিনজনকে গ্রেফতার করেছে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি)। বৃহস্পতিবার (৭ মে) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। গ্রেফতাররা হলেন- মোহাম্মদ আল আমিন (২৪), রাসেল শেখ (২৩) ও মো. হাসান (৩১)। সিটিটিসির বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, গত বুধবার (৬ মে) বিকেল সাড়ে ৪টার দিকে সিটিটিসির সিটি-অ্যাডমিন অ্যান্ড লজিস্টিকস বিভাগের একটি বিশেষ টিম রাজধানীর পল্টন থানাধীন স্টেডিয়ামের তিন নাম্বার গেট ফুটপাতে অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করে। এসময় তাদের হেফাজত হতে ২০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## সাগর-রুনি হত্যা; ১২৬ বারের মতো পেছালো তদন্ত প্রতিবেদন

দীর্ঘ ১৩ বছরেও শেষ হয়নি সাংবাদিক দম্পতি সাগর সারোয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত। আলোচিত এ মামলায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আবারও নতুন তারিখ নির্ধারণ করেছেন আদালত। আগামী ১৮ জুন প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে তদন্ত সংস্থাকে। বৃহস্পতিবার (৭ মে) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালতে মামলাটির তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ছিল। তবে নির্ধারিত দিনে তদন্ত সংস্থা প্রতিবেদন জমা না দেওয়ায় আদালত নতুন এ তারিখ ধার্য করেন। মিরপুর মডেল থানার আদালতের সাধারণ নিবন্ধন শাখার কর্মকর্তা পুলিশের উপ-পরিদর্শক রফিকুল ইসলাম রাসেল বিষয়টি নিশ্চিত করেছেন। এ নিয়ে মামলাটিতে ১২৬ বার তদন্ত প্রতিবেদন জমার সময় পেছালো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## ফুটপাত দখলমুক্তে লিগ্যাল নোটিশ, হকার কার্ড বিতরণ বন্ধের দাবি

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন রাস্তা, ফুটপাত ও জনসাধারণের চলাচলের স্থান অবৈধ দখলমুক্তকরণ, রাস্তা ও ফুটপাতে দোকান স্থাপনের জন্য হকার কার্ড বিতরণ বন্ধ এবং পথচারীদের অবাধ চলাচল

নিশ্চিতকরণে সংশ্লিষ্টদের প্রতি লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। বৃহস্পতিবার (৭ মে) সুপ্রিম কোর্টের আইনজীবী এই লিগ্যাল নোটিশ পাঠান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## বদলির সুযোগ পাচ্ছেন মাদ্রাসা শিক্ষকরাও, নীতিমালা অনুমোদন

স্কুল-কলেজের এমপিওভুক্ত শিক্ষকদের পর মাদ্রাসার শিক্ষকদেরও বদলির পথ খুলেছে। মাদ্রাসা বোর্ডের অধীন সারা দেশের মাদ্রাসার এমপিওভুক্ত শিক্ষকদের বদলির নীতিমালা অনুমোদন করা হয়েছে। বৃহস্পতিবার (৭ মে) দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে এ অনুমোদন দেওয়া হয়। শিগ্‌গির এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সূত্র জানায়, শিক্ষকদের কষ্ট লাঘবে বদলি প্রক্রিয়া সহজ করতে একটি নীতিমালা করা হয়েছে। সেটি অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়াও সফটওয়্যারের মাধ্যমে বদলি কার্যক্রম শুরু হবে। মেমিস সফটওয়্যারের কাজ না হলে নতুন সফটওয়্যারের মাধ্যমে কাজ করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## বাজার দর অনুযায়ী ওয়াক্‌ফ সম্পত্তির ভাড়া পুনর্নির্ধারণ হবে

অনিয়ম-দুর্নীতির কারণে সারা দেশে ৬ লাখ ১৪ হাজার একরের মতো ওয়াক্‌ফ সম্পত্তি বেহাল অবস্থায় রয়েছে বলে জানিয়েছেন, ধর্মমন্ত্রী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ। তিনি বলেন, দুর্নীতির মাধ্যমে ওয়াক্‌ফ সম্পত্তি থেকে নামমাত্র ভাড়া আদায় করা হচ্ছে। বাজার দর অনুযায়ী, ওয়াক্‌ফ সম্পত্তির ভাড়া পুনর্নির্ধারণ হবে। বৃহস্পতিবার (৭ মে) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা জানান। ধর্মমন্ত্রী বলেন, ওয়াকফে আওলাদে আছে ২ লাখ ১২ হাজার ৯৯ একর এবং ওয়াকফে লিল্লাতে আছে ৩ লাখ ৭৭ হাজার ১২০ একর জমি। সম্পদ ওয়াকফের টোটাল সম্পত্তি হলো ৬ লাখ ১৪ হাজার একরের মতো। আসলে এত বড়ো বিশাল স্টেটের আমাদের এই সম্পত্তিগুলো অধিকাংশই এখন বেহাল অবস্থায় আছে প্রশাসনিক দুর্বলতা, দুর্নীতি ও অদক্ষতার কারণে। তিনি বলেন, গত ১৭ বছর যেভাবে তারা চালিয়েছে, তাদের কারণে আজকের এই ওয়াকফের অবস্থা খুব শোচনীয়। এজন্য প্রধানমন্ত্রী চাচ্ছেন, ওয়াকিফরা (দানকারী) যে উদ্দেশ্যে ওয়াক্‌ফ করে গেছেন, উনাদের উদ্দেশ্যটা যেন সুষ্ঠু, সুন্দরভাবে বাস্তবায়িত হয়। যাতে এখানে চুরি, দুর্নীতি বা কোনো অন্যায় থাকবে না। প্রধানমন্ত্রীর এই উদ্দেশ্য পূরণে যা যা করার, আমরা করবো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## চোরাকারবারির সঙ্গে এসআইয়ের দর কষাকষির অডিও ভাইরাল

নেত্রকোনার কলমাকান্দায় চোরাই পথে আনা ভারতীয় প্রসাধনী জব্দ ও দুই যুবক আটকের ঘটনায় পুলিশের এক উপ-পরিদর্শকের (এসআই) বিরুদ্ধে ঘুস নিয়ে দর কষাকষির অভিযোগ উঠেছে। এ-সংক্রান্ত দুটি অডিও ফেসবুকে ছড়িয়ে পড়ার পর অভিযুক্ত আবু হানিফাকে সংশ্লিষ্ট থানা থেকে প্রত্যাহার করা হয়েছে। একইসঙ্গে ঘটনাটি তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে পুলিশ। বুধবার (৬ মে) রাত ১০টার পর অডিও দুটি ফেসবুকে ছড়িয়ে পড়ে। জেলা পুলিশ সুপার তারিকুল ইসলাম বলেন, ”অডিওটি নজরে আসার সঙ্গে সঙ্গে এসআই আবু হানিফাকে প্রত্যাহার করা হয়েছে। ঘটনা তদন্তে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) সজল কুমার সরকারকে প্রধান করে তিন সদস্যের কমিটি করা হয়েছে। কমিটিকে আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## জাবির সাবেক উপাচার্য ফারজানা ইসলামের আয়কর নথি জব্দের নির্দেশ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সাবেক উপাচার্য ফারজানা ইসলামের আয়কর-সংক্রান্ত নথিপত্র জব্দের নির্দেশ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (৭ মে) ঢাকার মহানগর দায়রা জজ ও সিনিয়র বিশেষ জজ আদালতের বিচারক মো. সাব্বির ফয়েজ এ আদেশ দেন। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত এই নির্দেশ দেন। আবেদনটি করেন দুদকের সহকারী পরিচালক খোরশেদ আলম। আবেদনে বলা হয়, ফারজানা ইসলামের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতি ও অনিয়মের অভিযোগ রয়েছে। তিনি স্বামী, সন্তানসহ ঘনিষ্ঠদের মাধ্যমে নিয়োগ-বাণিজ্য করে বিপুল অঙ্কের অর্থ উপার্জন করেছেন বলে তথ্য পাওয়া গেছে। অনুসন্ধানে দেখা যায়, অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তির পাশাপাশি তার স্বামী মো. আখতার হোসেনও একজন করদাতা। দুদকের ধারণা, তাদের নামে বিপুল পরিমাণ স্থাবর ও অস্থাবর সম্পদ গোপন করা হয়ে থাকতে পারে। এসব অভিযোগের সুষ্ঠু অনুসন্ধান নিশ্চিত করতে ফারজানা ইসলাম ও তার স্বামীর নামে থাকা আয়কর নথির স্থায়ী ও বিবিধ অংশ জব্দ করা প্রয়োজন বলে আবেদনে উল্লেখ করা হয়। দুদক জানিয়েছে, বিষয়টি এখনো অনুসন্ধান পর্যায়ে রয়েছে এবং প্রাপ্ত তথ্য-উপাত্ত যাচাই করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## ইউএনওকে গ্রেফতারের নির্দেশ দেওয়া কর্মকর্তার বরখাস্তের আদেশ প্রত্যাহার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা মো. ইব্রাহিমের সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হয়েছে। একইসঙ্গে, তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী `তিরস্কার, সূচক লঘুদণ্ড দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৭ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করে। এতে বলা হয়, গত মঙ্গলবার মন্ত্রণালয়ের উপ-সচিব মুহাম্মদ আবদুল্যাহ আল জাবেদ স্বাক্ষরিত প্রজ্ঞাপনের মাধ্যমে এ সিদ্ধান্ত জানানো হয়। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, মো. ইব্রাহিম প্রশাসন-১ শাখায় কর্মরত অবস্থায় গত বছরের ১৪ থেকে ১৮ ডিসেম্বর কক্সবাজারে অনুষ্ঠিত `স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে দক্ষতা উন্নয়ন, শীর্ষক প্রশিক্ষণে অংশ নেওয়ার কথা ছিল। তবে তিনি অনুমোদিত সময়ের আগেই কক্সবাজারে যান, যা সরকারি নির্দেশনার ব্যত্যয় হিসেবে বিবেচিত হয়। প্রজ্ঞাপনে আরও বলা হয়, কক্সবাজার থেকে সেন্টমার্টিন যাওয়ার উদ্দেশ্যে কস্তুরাঘাট এলাকায় মো. ইব্রাহিম চিৎকার-চেঁচামেচি ও বিশৃঙ্খলা সৃষ্টি করেন এবং কক্সবাজার সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। এ ঘটনা বিভিন্ন গণমাধ্যমে প্রচারিত হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়। অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি পর্যালোচনা করে অভিযোগকে প্রমাণিত বলে উল্লেখ করে মন্ত্রণালয়। এরপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) ধারা অনুযায়ী তাকে `অসদাচরণ,-এর দায়ে দোষী সাব্যস্ত করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-জার্মানি সম্পর্ক আরও উচ্চমাত্রায় উন্নীত হবে : রাষ্ট্রদূত

বাংলাদেশের সঙ্গে বিভিন্ন খাতে দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়বে এবং ভবিষ্যতে দুই দেশের পারস্পরিক সম্পর্ক আরও উচ্চমাত্রায় উন্নীত হবে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত রুডিগার লোটজ। বৃহস্পতিবার (৭ মে) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে সাক্ষাৎকালে এ কথা বলেন তিনি। বৈঠকে দুই দেশের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার পাশাপাশি পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জার্মানি বাংলাদেশের অন্যতম উন্নয়ন অংশীদার। দেশটি বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, টেক্সটাইল বা তৈরি পোশাকশিল্প এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাসহ বিভিন্ন খাতে সহযোগিতা করে যাচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রী বাংলাদেশ পুলিশ বাহিনীর সক্ষমতা বৃদ্ধি, আধুনিকায়ন এবং আইন-শৃঙ্খলা রক্ষায় প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা দেওয়ার বিষয়ে জার্মানির সহযোগিতা কামনা করেন। জার্মান রাষ্ট্রদূত বাংলাদেশের সঙ্গে বিভিন্ন খাতে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির আশ্বাস দিয়ে বলেন, অদূর ভবিষ্যতে দুই দেশের পারস্পরিক সম্পর্ক আরও উচ্চ মাত্রায় উন্নীত হবে। বৈঠকের শুরুতে মন্ত্রী রাষ্ট্রদূতকে স্বাগত জানান। রাষ্ট্রদূত নতুন পোর্টফলিওতে গুরুত্বপূর্ণ দায়িত্ব নেওয়ার জন্য মন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন। বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী, রাজনৈতিক-১ শাখার উপ-সচিব বেগম মিনারা নাজমীন, বহিরাগমন-৩ শাখার উপসচিব মোহাম্মদ আবুল কালাম প্রমুখ উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## মুসলমানদের ভোটাধিকার হরণ বাংলাদেশেও প্রভাব ফেলতে পারে

পশ্চিমবঙ্গে মুসলমানদের ওপর নির্যাতন ও ভোটাধিকার হরণের ঘটনা বাংলাদেশেও প্রভাব ফেলতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, পশ্চিমবঙ্গের নির্বাচনের ফলাফলের পর বাংলাদেশের দায়িত্ব অনেক বেড়ে গেছে। বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা এবং সব ধর্ম-বর্ণের মানুষের নিরাপত্তা ও নাগরিক অধিকার নিশ্চিত করতে দায়িত্বশীল আচরণ করতে হবে। বৃহস্পতিবার (৭ মে) বিকেলে চট্টগ্রাম প্রেস ক্লাবের জুলাই স্মৃতি হলে এনসিপিতে যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, সম্প্রতি পশ্চিমবঙ্গে নির্বাচন হয়েছে। বাংলাদেশের পার্শ্ববর্তী এলাকা হিসেবে পশ্চিমবঙ্গ অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্বাচন ভারতের অভ্যন্তরীণ বিষয় উল্লেখ করে তিনি বলেন, এ বিষয়ে মন্তব্য করতে চাই না। তবে, নির্বাচনের আগে কয়েক লাখ ভোটারের নাগরিকত্ব কেড়ে নেওয়া হয়েছে এবং তাদের ভোটাধিকার থেকে বঞ্চিত করা হয়েছে। এসব ভোটারের অধিকাংশ ছিলেন মুসলমান ও মতুয়া সম্প্রদায়ের।

এনসিপির আহ্বায়ক বলেন, পশ্চিমবঙ্গে মুসলমানদের ওপর নির্যাতন ও ভোটাধিকার হরণের ঘটনা বাংলাদেশেও প্রভাব ফেলতে পারে। নির্বাচনের পরও সেখানে মুসলিম, মতুয়া, দলিত ও সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতনের অভিযোগ রয়েছে। বাংলাদেশে সাম্প্রদায়িক উসকানি ও প্রোপাগান্ডা ছড়ানোর আশঙ্কার কথা তুলে ধরে নাহিদ ইসলাম বলেন, পশ্চিমবঙ্গের নির্বাচনের ফলাফলের পর বাংলাদেশের দায়িত্ব আরও বেড়ে গেছে। এ দেশের হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রিষ্টানসহ সব নাগরিকের নিরাপত্তা এবং অধিকার নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, বাংলাদেশ-বিরোধী ও দেশের স্বার্থবিরোধী গোষ্ঠী নানান ধরনের উসকানি ও সাম্প্রদায়িকতা ছড়ানোর চেষ্টা করবে। এ বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে। নাহিদ ইসলাম বলেন, দক্ষিণ এশিয়ায় সংখ্যালঘুদের জন্য বাংলাদেশকে সবচেয়ে নিরাপদ রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে হবে। বাংলার মুসলমান, দলিত ও মতুয়া সম্প্রদায়সহ সবার অধিকারের পক্ষে বাংলাদেশকে কথা

বলতে হবে। অনুষ্ঠানে এনসিপিতে নতুন যোগদানকারীদের স্বাগত জানিয়ে দলীয় নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান দলটির আহ্বায়ক। তিনি বলেন, আমরা নিজেদের মধ্যে কোনো দ্বন্দ্ব রাখবো না। যে যেখান থেকেই আসুক, এনসিপির পতাকাতলে সবাই যোগ্যতা অনুযায়ী ঐক্যবদ্ধভাবে কাজ করবো। কারণ, ঐক্যই আমাদের সবচেয়ে বড়ো শক্তি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## মির্জা আব্বাস শঙ্কামুক্ত, ঈদের আগেই দেশে ফেরার পরিকল্পনা

মালয়েশিয়ার প্রিন্স কোর্ট মেডিকেল সেন্টারে চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে। তিনি এখন শঙ্কামুক্ত এবং ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন। বুধবার (৬ মে) সন্ধ্যায় বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানান। তিনি মীর্জা আব্বাসের সহধর্মিণী আফরোজা আব্বাসের বরাত দিয়ে বলেন, মীর্জা আব্বাস বর্তমানে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলতে পারছেন। মেডিকেল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী, আসন্ন ঈদুল আজহার আগেই তার দেশে ফেরার পরিকল্পনা রয়েছে। পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী এক থেকে দুই সপ্তাহের মধ্যে তিনি নিজেই ভিডিও বার্তার মাধ্যমে সবার সামনে আসবেন এবং সবার কাছে দোয়া চাইবেন। চিকিৎসা-পরবর্তী প্রক্রিয়া ও থেরাপি শেষ করে শিগ্গির তিনি দেশে ফিরবেন বলেও জানানো হয়েছে। এর আগে, গত ১১ মার্চ ইফতারের সময় অসুস্থ হয়ে পড়লে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে তার মাথায় অস্ত্রোপচার করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য তিনি সিঙ্গাপুরে যান। বর্তমানে তিনি মালয়েশিয়ায় চিকিৎসাধীন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ১২ মে থেকে রাত ১০টা পর্যন্ত শপিংমল ও দোকানপাট খোলা

আগামী ১২ মে থেকে ঈদুল আজহা পর্যন্ত শপিংমল ও দোকানপাট সন্ধ্যা ৭টার পরিবর্তে রাত ১০টা পর্যন্ত খোলা থাকবে। বৃহস্পতিবার (৭ মে) বিকেলে প্রধানমন্ত্রীর বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুর বরাত দিয়ে জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন বাংলাদেশ দোকান মালিক সমিতির সভাপতি হেলাল উদ্দিন। একই তথ্য জানিয়েছে এ খাতের আরেক সংগঠন বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতিও।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## `ভ্যাট-কর ফাঁকির চর্চা অব্যাহত থাকলে রাজস্ব আহরণ বাড়ানো সম্ভব হবে না,: আইসিএবি

অর্থনীতিতে কর ও ভ্যাট ফাঁকির চর্চা অব্যাহত থাকলে রাজস্ব আহরণ বাড়ানো সম্ভব হবে না বলে মন্তব্য করেছেন ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশের (আইসিএবি) সভাপতি এন কে এ মবিন। তার মতে, বর্তমান বাস্তবতায় রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সরকারকে প্রত্যক্ষ করের ওপর জোর দিতে হবে, যা রাজস্ব আহরণকে টেকসই করবে। বৃহস্পতিবার (৭ মে) রাজধানীর কারওয়ান বাজারে আইসিএবি ভবনে `ডিজিটাল অ্যাকাউন্টিং ও রাজস্ব আহরণ, শীর্ষক প্রাক-বাজেট গোলটেবিল আলোচনায় তিনি এসব কথা বলেন। আইসিএবি ও ইংরেজি দৈনিক দি ফিন্যান্সিয়াল এক্সপ্রেসের যৌথ উদ্যোগে এই গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়। আসন্ন ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটকে সামনে রেখে দেশের অর্থনীতিতে স্বচ্ছতা ও রাজস্ব আহরণ বাড়াতে ডিজিটাল অ্যাকাউন্টিং পদ্ধতি গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছেন আইসিএবি সভাপতি এন কে এ মবিন। এ বিষয়ে তিনি বলেন, ডিজিটাল অ্যাকাউন্টিং এখন আর কোনো বিকল্প নয়, বরং একটি ভবিষ্যৎ উপযোগী অর্থনীতি গড়ে তোলার জন্য এটি অপরিহার্য। দেশের বর্তমান অর্থনৈতিক চিত্র তুলে ধরে আইসিএবি সভাপতি জানান, দেশের অর্থনীতির আকার বাড়লেও, কাঙ্ক্ষিত হারে রাজস্ব বাড়ছে না। চলতি অর্থবছরের প্রথম ৯ মাসে রাজস্ব ঘাটতি দাঁড়িয়েছে প্রায় এক লাখ কোটি টাকায়। তার ভাষ্যে, আসন্ন বাজেটের সম্ভাব্য আকার হতে পারে প্রায় ৯ লাখ কোটি টাকা। বাজেটে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৬ লাখ কোটি টাকার ওপর। ডিজিটালাইজেশন প্রক্রিয়ায় আইসিএবির ডকুমেন্ট ভেরিফিকেশন সিস্টেম (ডিভিএস) একটি বৈপ্লবিক পরিবর্তন এনেছে উল্লেখ করে মবিন বলেন, এটি রিয়েল-টাইম যাচাইয়ের মাধ্যমে আর্থিক নথিপত্রের জালিয়াতি রোধ করছে। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) ডিজিটাইজেশন উদ্যোগে ডিভিএসকে অন্তর্ভুক্ত করা হলে রাজস্ব আদায় আরও ফলপ্রসূ হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি আরও বলেন, ডিজিটাল পদ্ধতিতে হিসাব রাখলে করের হার না বাড়িয়েই অধিক রাজস্ব আদায় সম্ভব। বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতকে ডিজিটাল অ্যাকাউন্টিংয়ের আওতায় আনলে করের আওতা অনেক বাড়বে। ডিজিটাইজেশনের সুফল থাকলেও, কিছু চ্যালেঞ্জের কথা উল্লেখ করেছেন আইসিএবি সভাপতি। এর মধ্যে রয়েছে, ডিজিটাল স্বাক্ষরতার অভাব ও পরিবর্তনের প্রতি অনীহা এবং সাইবার নিরাপত্তা ঝুঁকি ও অবকাঠামোগত দুর্বলতা। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টদের কৌশলগত অংশীদার হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবি জানান তিনি। তিনি বলেন, এআইয়ের যুগে অ্যাকাউন্টিং অটোমেশনের মূল সহায়ক হিসেবে সিএদের কাজ করার সুযোগ দিতে হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা ড.

রাশেদ আল মাহমুদ তিতুমীর। এছাড়াও উপস্থিত ছিলেন দি ফিন্যান্সিয়াল এক্সপ্রেসের সম্পাদক শামসুল হক জাহিদ এবং আইসিএবির কাউন্সিল সদস্য সাব্বীর আহমেদ। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ২২০ কনটেইনার পণ্য অনলাইন নিলামে তুলছে চট্টগ্রাম কাস্টমস হাউজ

চট্টগ্রাম বন্দরে জট নিরসন ও কার্যক্রম বাড়াতে ২২০ কনটেইনার পণ্য অনলাইন নিলামে তোলার উদ্যোগ নিয়েছে চট্টগ্রাম কাস্টমস হাউজ। চলতি মে জুড়ে দুই ধাপে এই ই-অকশন কার্যক্রম পরিচালিত হবে বলে জানিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। বৃহস্পতিবার (৭ মে) এনবিআরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কনটেইনার জট নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধে নিয়মিতভাবে অখালাসকৃত ও নিলামযোগ্য পণ্য নিষ্পত্তির উদ্যোগ নেওয়া হচ্ছে। এরই ধারাবাহিকতায় এবার ২২০ কনটেইনার পণ্য ই-অকশন পদ্ধতিতে বিক্রির উদ্যোগ নেওয়া হয়েছে। এনবিআরের বিশেষ আদেশ নং-৮২/২০২৫/কাস্টমস অনুসারে, ই-অকশন-৪/২০২৬ এর আওতায় ১২০টি লটে ১৬০ কনটেইনার পণ্য নিলামে বিক্রি করা হবে। এসব পণ্যের মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের কেমিক্যাল, মেশিনারিজ, পেপার, ফেব্রিক্স, হাউজহোল্ড আইটেমস এবং এসি পার্টস। এসব পণ্যের নিলামে কোনো সংরক্ষিত মূল্য (রিজার্ভড ভ্যালু) রাখা হয়নি বলে জানিয়েছে এনবিআর। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## প্যাকেজিং খাতের উন্নয়নে সব ধরনের সহায়তা দেওয়া হবে : বাণিজ্যমন্ত্রী

প্যাকেজিং খাতের উন্নয়নে সরকার সব ধরনের নীতি সহায়তা দেবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেন, "প্যাকেজিং খাতকে আরও বিকশিত করতে সরকার কাজ করবে। কোন জায়গায় কী ধরনের নীতি সহায়তা প্রয়োজন, তা পরিকল্পনা করে সরকারকে জানাতে হবে। আমরা প্রয়োজনীয় সব ধরনের সহায়তা দেবো। আমরা চাই, এ খাত আরও বড়ো হোক, কর্মসংস্থান সৃষ্টি করুক এবং দেশের পণ্য বিদেশে রপ্তানির মাধ্যমে বাংলাদেশ আরও বৈদেশিক মুদ্রা অর্জন করুক।„ বৃহস্পতিবার (৭ মে) বিকেলে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে (বিসিএফসিসি) শুরু হওয়া তিন দিনব্যাপী ‵ঢাকা ইন্ডাস্ট্রিয়াল প্যাকেজিং এক্সপো ২০২৬,-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। যৌথভাবে এ এক্সপো আয়োজন করেছে বাংলাদেশ ফ্লেক্সিবল প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন (বিএফপিআইএ) ও এক্সপোনেট এক্সিবিশন প্রাইভেট লিমিটেড।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ৬ দিনে এলো ৯১৭৪ কোটি টাকার প্রবাসী আয়

চলতি মে মাসের প্রথম ছয় দিনেই দেশে ৭৫ কোটি ২০ লাখ মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা। বাংলাদেশি মুদ্রায় (প্রতি ডলার ১২২ টাকা ধরে) যার পরিমাণ প্রায় ৯ হাজার ১৭৪ কোটি ৪০ লাখ টাকা। এ সময়ে দৈনিক গড়ে রেমিট্যান্স এসেছে ১২ কোটি ৫৩ লাখ ডলার। বৃহস্পতিবার (৭ মে) বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানান। তিনি বলেন, গত বছরের একই সময়ে দেশে রেমিট্যান্স এসেছিল ৬২ কোটি ৫০ লাখ ডলার। সে তুলনায় এবার প্রবাহ উল্লেখযোগ্য হারে বেড়েছে। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি ২০২৫-২৬ অর্থবছরের ১ জুলাই থেকে ৬ মে পর্যন্ত দেশে মোট রেমিট্যান্স এসেছে ৩ হাজার ৮ কোটি ৫০ লাখ ডলার। আগের অর্থবছরের একই সময়ের তুলনায় প্রবৃদ্ধি হয়েছে ১৯ দশমিক ৬০ শতাংশ। এর আগে, গত এপ্রিলে দেশে রেমিট্যান্স আসে ৩১২ কোটি ৭৩ লাখ ডলার। মার্চে আসে ৩৭৫ কোটি ৫০ লাখ ৫০ হাজার ডলার, যা দেশের ইতিহাসে একক মাসে সর্বোচ্চ রেমিট্যান্স আহরণের রেকর্ড। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, ২০২৪-২৫ অর্থবছরে দেশে মোট ৩০ দশমিক ৩২ বিলিয়ন ডলার বা ৩ হাজার ৩২ কোটি ৮০ লাখ ডলার রেমিট্যান্স এসেছে, যা দেশের ইতিহাসে কোনো অর্থবছরে সর্বোচ্চ প্রবাসী আয়ের রেকর্ড। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## চার লেনে উন্নীত হচ্ছে বগুড়া-নওগাঁ-জয়পুরহাট রুটের তিন মহাসড়ক

বগুড়া ও পার্শ্ববর্তী জেলাগুলোর যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তন আনতে তিনটি বড়ো সড়ক প্রকল্পের উদ্যোগ নেওয়া হয়েছে। এই মেগা প্রকল্পগুলো বাস্তবায়িত হলে উত্তরাঞ্চলের কৃষিভিত্তিক অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য ও হিলি স্থলবন্দরকেন্দ্রিক আমদানি-রপ্তানি কার্যক্রমে নতুন গতি আসবে বলে আশা করা হচ্ছে। বৃহস্পতিবার (৭ মে) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম এই তিন প্রকল্পের দ্রুত অনুমোদন ও বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সচিবের কাছে একটি আধা-সরকারি পত্র (ডিও লেটার) পাঠিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ঈদুল আজহায় টানা ৭ দিন ছুটি পাচ্ছেন সরকারি চাকরিজীবীরা

আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে ২৫ মে-ও (সোমবার) ছুটি ঘোষণা করেছে সরকার। এতে ২৫ থেকে ৩১ মে পর্যন্ত টানা ৭ দিন ছুটি পাচ্ছেন সরকারি চাকরিজীবীরা। তবে ২৩ ও ২৪ মে (শনি ও রোববার) অফিস খোলা থাকবে। অর্থাৎ একটি সাপ্তাহিক ছুটির দিনে (২৩ মে) অফিস করতে হবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের। বৃহস্পতিবার (৭ মে)

মন্ত্রিসভা বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিসভা বৈঠক হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৭ বা ২৮ মে মুসলমানদের দ্বিতীয় বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা বা কোরবানির ঈদ উদযাপিত হবে। তবে আগামী ২৮ মে ঈদুল আজহা ধরে ছুটি নির্ধারণ করেছে সরকার। ছুটির তালিকা অনুযায়ী, ২৮ মে ঈদুল আজহার দিন সাধারণ ছুটি। ঈদুল আজহার আগে ২৬ ও ২৭ মে দুদিন এবং পরে ২৯ থেকে ৩১ মে পর্যন্ত তিনদিনসহ মোট পাঁচদিন নির্বাহী আদেশে ছুটি। তবে ঈদযাত্রা নির্বিঘ্ন করতে ছুটি আরও একদিন বাড়ানো হয়েছে বলে মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ : ০৭.০৫.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## হাওরের ক্ষতিগ্রস্ত কৃষকদের দ্রুত সহায়তা প্রদানের নির্দেশ প্রধানমন্ত্রীর

হাওর অঞ্চলে ভারী বর্ষণে ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তায় দ্রুত পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ লক্ষ্যে স্বচ্ছতার সঙ্গে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা প্রস্তুতের প্রয়োজনীয় নির্দেশনাও দেন তিনি। বৃহস্পতিবার বিকেলে বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় তিনি এ নির্দেশ দেন। হাওর এলাকার ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা দেওয়ার কার্যক্রম পর্যালোচনার জন্য এই সভার আয়োজন করা হয়। সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, প্রকৃত ক্ষতিগ্রস্তদের চিহ্নিত করে নির্ভুল ও স্বচ্ছ তালিকা প্রস্তুত করতে হবে। এই তালিকার ভিত্তিতেই আগামী তিন মাস কৃষকদের আর্থিক সহায়তা দেওয়া হবে। পাশাপাশি বৃষ্টির কারণে কৃষকরা যাতে ক্ষতির মুখে না পড়েন, সেজন্য ধান রোপণ ও সংগ্রহের মৌসুম কিছুটা এগিয়ে আনার বিষয়েও আলোচনা হয়। গত ২৯ এপ্রিল জাতীয় সংসদে প্রধানমন্ত্রী তারেক রহমান জানিয়েছিলেন, হাওরাঞ্চলে ভারী বর্ষণে ক্ষতিগ্রস্ত কৃষকদের চিহ্নিত করে সরকারের পক্ষ থেকে তিন মাস সহযোগিতা দেওয়ার চেষ্টা করা হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ আসাদ)

## অবৈধ বাংলাদেশি, ফেরত পাঠাতে ঢাকার সহযোগিতা চাইল দিল্লি

ভারতে অবস্থানরত `অবৈধ বাংলাদেশি, নাগরিকদের প্রত্যাবাসন ইস্যুতে বাংলাদেশের সহযোগিতা চেয়েছে ভারত। বৃহস্পতিবার দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে এ তথ্য জানান মুখপাত্র রণধীর জয়সওয়াল। তিনি বলেন, ভারত থেকে অবৈধ বাংলাদেশিদের প্রত্যাবাসনের বিষয়টি মূলত বাস্তব প্রেক্ষাপট বিবেচনায় দেখা উচিত। এ জন্য বাংলাদেশ সরকারের সহযোগিতা প্রয়োজন। ব্রিফিংয়ে জয়সওয়াল আরও জানান, বর্তমানে বাংলাদেশি নাগরিকত্ব যাচাই সংক্রান্ত ২,৮৬২টিরও বেশি মামলা বিচারাধীন রয়েছে। এর মধ্যে কিছু মামলা পাঁচ বছরেরও বেশি সময় ধরে ঝুলে আছে বলেও তিনি উল্লেখ করেন। সাম্প্রতিক সময়ে পশ্চিমবঙ্গের রাজনৈতিক পরিস্থিতি এবং সেখানে অনুষ্ঠিত পশ্চিমবঙ্গ নির্বাচনে বিজেপির জয়ের পর বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর মন্তব্য নিয়ে প্রশ্ন করা হলে, তিনি এ বিষয়ে মন্তব্য করেন। এছাড়া, ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী কর্তৃক কিছু ব্যক্তিকে `পুশ-ব্যাক, করার অভিযোগ সম্পর্কে জানতে চাইলে মুখপাত্র বলেন, এ বিষয়ে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে ওয়াক্‌ফ প্রশাসকের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন, বাংলাদেশ ওয়াক্‌ফ-এর প্রশাসক সাফিজ উদ্দিন আহমেদ। বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তরে আজ সকালে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ কথা জানান। তিনি আরো জানান, বাংলাদেশ ওয়াকফের প্রশাসক সাফিজ উদ্দিন আহমেদ আজ প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে দেখা করেছেন। এ সময় তারা ওয়াক্‌ফ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন। এ সময়ে ধর্মমন্ত্রী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ, সংসদ সদস্য শামীম কায়সার লিংকন এবং ধর্ম সচিব মুন্সি আলাউদ্দিন আল আজাদ উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## চামড়া সংরক্ষণে গ্রাম-উপজেলা পর্যায়ে বিনামূল্যে লবণ দেবে সরকার

কোরবানির পশুর চামড়া সংরক্ষণে গ্রাম ও উপজেলা পর্যায়ে বিনামূল্যে লবণ সরবরাহ করবে সরকার। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, "গ্রাম ও উপজেলা পর্যায়ে চামড়া সাতদিন পর্যন্ত লবণ দিয়ে সংরক্ষণ করতে হবে। এই সময়ের মধ্যে কোনো চামড়া ঢাকায় আনা যাবে না।„ তিনি বলেন, এর ফলে ঢাকার ইটিপি ব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ কমবে এবং চামড়া নষ্ট হওয়াকে রোধ করা সম্ভব হবে। এ কারণে চামড়া সংরক্ষণের জন্য প্রয়োজনীয় লবণ বিনামূল্যে সরবরাহ করা হবে। বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেইজে এ তথ্য জানানো হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## ফ্যামিলি ও কৃষক কার্ডসহ খাল খনন কর্মসূচি আশার সঞ্চার করেছে

ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও খাল খনন কর্মসূচি মানুষের মধ্যে আশার সঞ্চার করেছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রাজধানীর বনানীর একটি পাঁচ তারকা হোটেলে

বুধবার `দ্য কম্পাস ডায়ালগ, শীর্ষক সংলাপ শেষে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানটির আয়োজন করে ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজি অ্যান্ড ট্যাকটিকস রিসার্চ (আইএসটিআর)। বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেইজে এ তথ্য জানানো হয়। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান নির্বাচনি ইশতেহারে যে-সব প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেগুলো বাস্তবায়ন করার জন্য তিনি একটার পর একটা কাজ করে যাচ্ছেন। ইতোমধ্যে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও খাল খনন কর্মসূচির মতো উদ্যোগ জনগণের মধ্যে আশার সঞ্চার করেছে। তিনি বলেন, দেশে বিনিয়োগের ক্ষেত্রে সবচেয়ে বড়ো বাধা হচ্ছে সরকারি সংস্থাগুলোর ধীরগতি। বিনিয়োগকারীরা যে গতিতে সমাধান চান, তা না হওয়ায় সেখানে নেতিবাচক অবস্থা তৈরি হয়। ফলে তারা হতাশ হয়ে যান। এটা অন্যতম প্রধান একটা সমস্যা। আমরা চেষ্টা করছি, এ বিষয়গুলোকে ঠিক করার। মির্জা ফখরুল বলেন, আমলাতন্ত্রে গতি এনে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করা হবে। প্রধানমন্ত্রী এ বিষয়ে অত্যন্ত আগ্রহী। তিনি প্রতিদিনই সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করছেন এবং সব মন্ত্রণালয়কে দ্রুত সমস্যার সমাধানের নির্দেশ দিয়েছেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## নীতিমালা পেলে বাংলাদেশের সৌরবিদ্যুৎ খাতে বিপ্লব ঘটানো সম্ভব

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ এমপি বলেছেন, সঠিক নীতিমালা সহায়তা (পলিসি) পেলে বাংলাদেশে সৌরবিদ্যুৎ খাতে বিপ্লব ঘটানো সম্ভব। তিনি বলেন, সরকার দ্রুত সৌর ও নবায়নযোগ্য জ্বালানি খাতের জন্য নীতিমালা প্রণয়নের কাজ করছে। বৃহস্পতিবার রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ১৫তম আন্তর্জাতিক বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট এক্সপো অ্যান্ড ডায়ালগ-২০২৬-এর উদ্‌বোধনী বক্তব্যে তিনি এ কথা বলেন। ইকবাল হাসান মাহমুদ বলেন, ”বাংলাদেশ সোলারে যাওয়ার জন্য রেডি, শুধু নীতিমালা দরকার। এই নীতিমালা পেলে, আমরা বাংলাদেশের সোলারে একটা বিপ্লব ঘটাতে পারি।„ কিছুদিন আগে প্রধানমন্ত্রী আমাদের নেতৃত্বে একটা কমিটি করে দিয়েছেন। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী আরও বলেন, এখন কীভাবে নীতিগত সহায়তা দিলে, আমরা খুব দ্রুত ইমপ্লিমেন্টেশনে যেতে পারি, সেজন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। তিনি জানান, চলতি মাসের মধ্যেই একটি নীতিমালা চূড়ান্ত করার চেষ্টা চলছে এবং জুন মাসে ক্যাবিনেট অনুমোদনের পর, তা সরকারি আদেশ হিসেবে জারি করা হতে পারে। মন্ত্রী বলেন, আমি বিশ্বাস করি যে, সরকার যদি কোনো সেক্টরকে ঠিকমতো নীতিগত সহায়তা দেয়, তাহলে তা দেশে বিপ্লব আনতে পারে। গার্মেন্টস খাতের উদাহরণ টেনে তিনি বলেন, প্রেসিডেন্ট জিয়াউর রহমান আশির দশকে বন্ডেড ওয়্যারহাউজ ও ব্যাক-টু-ব্যাক এলসি,র মতো নীতিগত সুবিধা দেওয়ার ফলেই দেশের তৈরি পোশাক খাতে বড়ো ধরনের পরিবর্তন এসেছে। তিনি আরও বলেন, সৌর খাতের রেগুলেশন আরও শিথিল করা, ইনভার্টার, ফ্রেম ও প্যানেলসহ প্রয়োজনীয় সরঞ্জাম সহজে আমদানির সুযোগ সৃষ্টি ও কর সুবিধা দেওয়ার বিষয়েও সরকার কাজ করছে। মন্ত্রী জানান, সরকার এখন ব্যাটারি স্টোরেজের ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে, যাতে দিনের বেলায় উৎপাদিত সৌরবিদ্যুৎ সন্ধ্যার পিক আওয়ারে ব্যবহার করা যায়। ইকবাল হাসান মাহমুদ আরও বলেন, আগামী পাঁচ বছরে ১০ হাজার মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য নিয়ে সরকার এগোচ্ছে। রুফটপ সোলার প্রসঙ্গে মন্ত্রী বলেন, বাড়ির ছাদে সৌর প্যানেল স্থাপন করে, গ্রিডে বিদ্যুৎ সরবরাহ ও নেট মিটারিংয়ের মাধ্যমে বিল সমন্বয়ের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে। এতে ভবন মালিকরা আর্থিক সুবিধাও পাবেন বলে উল্লেখ করেন তিনি। ইকবাল হাসান মাহমুদ আরও বলেন, প্রাইভেট এন্টারপ্রাইজের মাধ্যমে ঢাকা শহরের প্রত্যেকটা হাউসকে যদি আমরা এই সোলারের আওতায় নিয়ে আসতে পারি, তাহলে আমি মনে করি, ঢাকার যে লোড আছে, তা অনেকটাই কমে যাবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## তিস্তা প্রকল্পে চীনের সহায়তা চাইল বাংলাদেশ

তিস্তা নদী সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্পে (টিআরসিএমআরপি) চীনের সম্পৃক্ততা ও সহায়তা চেয়েছে বাংলাদেশ। একইসঙ্গে দুই দেশ তাদের বিস্তৃত কৌশলগত সহযোগিতামূলক অংশীদারিত্ব আরও জোরদার করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। বুধবার বেইজিংয়ের দিয়াওইউতাই স্টেট গেস্ট হাউসে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই,র মধ্যে দ্বিপক্ষীয় বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়। পরে এক যৌথ সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। চীনা কমিউনিস্ট পার্টির (সিপিসি) পলিটিক্যাল ব্যুরোর সদস্য ও দেশটির পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই,র আমন্ত্রণে ৫-৭ মে চীন সফর করছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর চীনে এটি তার প্রথম সরকারি সফর। বৈঠকে দুই পক্ষ দ্বিপক্ষীয় সম্পর্ক ও পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিস্তৃত আলোচনা করে এবং একে অপরের মৌলিক স্বার্থ রক্ষা এবং প্রধান ইস্যুগুলো সমাধানে দৃঢ় প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে। উভয়পক্ষ দু,দেশের বিস্তৃত কৌশলগত সহযোগিতামূলক অংশীদারিত্ব এগিয়ে নিতে শান্তিপূর্ণ সহাবস্থানের পাঁচটি নীতি বজায় রাখা, উচ্চপর্যায়ের বিনিময়ের গতি অব্যাহত রাখা, রাজনৈতিক পারস্পরিক আস্থা দৃঢ় করা এবং উন্নয়ন কৌশলের সমন্বয় বাড়ানোর বিষয়ে সম্মত হয়। বৈঠকে বাংলাদেশ `এক চীন নীতির, প্রতি তার দৃঢ় অবস্থানের কথা পুনর্ব্যক্ত করেছে। ঢাকা স্পষ্ট করেছে, তাইওয়ান চীনের অবিচ্ছেদ্য অংশ। বাংলাদেশ `তাইওয়ানের স্বাধীনতার, যে-কোনো ধরনের প্রচেষ্টার বিরোধিতা করে। অন্যদিকে চীনও বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও

ভৌগোলিক অখণ্ডতা রক্ষা এবং বাংলাদেশের উন্নয়নে তাদের সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিয়েছে। বৈঠকে উভয়পক্ষ বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ-এর প্রসার এবং অর্থনীতি, বাণিজ্য, বিনিয়োগ, শিল্প, ডিজিটাল অর্থনীতি, পানি সম্পদ, স্বাস্থ্য ও জনগণের মধ্যে বিনিময়সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদারে সম্মত হয়। বাংলাদেশি পক্ষ চীনের প্রেসিডেন্ট শি জিনপিং-এর মানবজাতির অভিন্ন ভবিষ্যৎ গড়ার উদ্যোগের প্রশংসা করে এবং চীনের প্রধান বৈশ্বিক উদ্যোগগুলোকে স্বাগত জানায়। দুইপক্ষ জাতিসংঘ সনদের উদ্দেশ্য ও নীতিমালা, বহুপাক্ষিকতা, গণতন্ত্র এবং বিরোধের শান্তিপূর্ণ সমাধানের প্রতি তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে। আঞ্চলিক বিষয়ে বাংলাদেশ মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতা রক্ষায় চীনের প্রস্তাবের প্রশংসা করে। উভয়পক্ষ অবিলম্বে পূর্ণ যুদ্ধবিরতি, বেসামরিক লক্ষ্যবস্তু রক্ষা, শান্তি ও নিরাপত্তা পুনঃপ্রতিষ্ঠা এবং হরমুজ প্রণালি দিয়ে স্বাভাবিক চলাচল বজায় রাখার আহ্বান জানায়। রোহিঙ্গা সংকট বিষয়ে চীন জানায়, তারা বাংলাদেশ ও মিয়ানমারকে আলোচনার মাধ্যমে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সমস্যার পারস্পরিক গ্রহণযোগ্য সমাধান খুঁজে বের করতে সহায়তা অব্যাহত রাখবে এবং প্রত্যাবাসন প্রচেষ্টায় সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ সহযোগিতা করবে। ড. খলিলুর রহমান চীনের পররাষ্ট্রমন্ত্রীকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## শিক্ষা খাতে জিডিপির পাঁচ শতাংশ বিনিয়োগের পরিকল্পনা সরকারের

শিক্ষাখাতে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) পাঁচ শতাংশ বিনিয়োগ করতে বর্তমান সরকার পরিকল্পনা করছে বলে জানিয়েছেন, শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, বিগত সরকার যেখানে মাত্র দেড় শতাংশের মতো বিনিয়োগ করত, সেখানে বর্তমান সরকার হিউম্যান ক্যাপিটল বা মানবসম্পদ উন্নয়নে এই বিনিয়োগ বাড়ানোর পরিকল্পনা করছে। বৃহস্পতিবার (৭ মে) রাজধানীতে ইউনিসেফ আয়োজিত একটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে আমরা জিডিপির পাঁচ শতাংশ শিক্ষায় ইনভেস্ট করতে পরিকল্পনা করছি। বিগত সরকার দেড় শতাংশের বেশি ইনভেস্ট করেনি। আমাদের মনে রাখতে হবে, হিউম্যান ক্যাপিটলে আমাদের ইনভেস্ট বাড়াতে হবে। একই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন। তিনি শিক্ষার গুণগত পরিবর্তনের ওপর জোর দিয়ে বলেন, বর্তমান সরকার শিক্ষা খাতে মূল্যবোধ, নীতি ও মানবিকতা এই তিনটি বিষয়কে বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে। মাহদী আমিন আরও জানান, বর্তমান প্রধানমন্ত্রী শুধুমাত্র শিক্ষাগত সনদের ওপর নির্ভর না করে দক্ষতার ওপর বেশি জোর দিচ্ছেন। তিনি বলেন, মূল্যবোধ, নীতি ও মানবিকতা শিক্ষায় সম্পৃক্ত করা অতীব জরুরি। সরকার এই তিনটি উপাদানকে বিশেষ গুরুত্ব দিয়ে দেখছে। অনুষ্ঠানে বৈশ্বিক পর্যায়ে দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলার পরিকল্পনার কথা জানান প্রধানমন্ত্রীর উপদেষ্টা। তিনি বলেন, বাংলা ও ইংরেজি ভাষার পাশাপাশি, সরকার এখন তৃতীয় একটি ভাষা শেখার বিষয়টিকেও গুরুত্ব দিচ্ছে। এটি আন্তর্জাতিক শ্রমবাজারে বাংলাদেশি কর্মীদের দক্ষতা বৃদ্ধি এবং রেমিট্যান্স প্রবাহ বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তবে, একইসঙ্গে বাংলা ও ইংরেজি- এই দুই ভাষাকে আরও শক্তিশালী করতেও সরকার কাজ করে যাবে বলে তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে ইউনিসেফের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের গবেষকরা উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তির সুফল কাজে লাগাতে চায় সরকার : অর্থ উপদেষ্টা

যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পাদিত বাণিজ্য চুক্তির সুফল কাজে লাগিয়ে দেশের ভঙ্গুর অর্থনীতিকে এগিয়ে নিতে চায় সরকার। প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এ কথা বলেন। বুধবার সচিবালয়ে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডন লিঞ্চের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, সরকার এই চুক্তি বাতিলের পথে না গিয়ে এর প্রতি পূর্ণ শ্রদ্ধা রেখেই এগোতে চায়। একইসঙ্গে এই কাঠামোর অধীনেই দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হবে। তবে জাতীয় স্বার্থের পরিপন্থি কোনো বিষয় থাকলে তা আলোচনার মাধ্যমে সমাধানের সুযোগ সব সময় খোলা থাকবে বলেও জানান তিনি। ড. তিতুমীর বলেন, উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ভঙ্গুর অর্থনীতি পুনরুদ্ধারে যুক্তরাষ্ট্রের প্রযুক্তি ও উদ্ভাবনী সক্ষমতা কাজে লাগানো হবে। বিশেষ করে ঔষধ শিল্পে রপ্তানি বৃদ্ধি ও উৎপাদনশীলতা বাড়ানোর ওপর জোর দেওয়া হচ্ছে। আন্তর্জাতিক সম্পর্কের বিষয়ে তিনি বলেন, ”বাংলাদেশ কোনো একক রাষ্ট্রের সঙ্গে একচেটিয়া সম্পর্কের পক্ষপাতী নয়; বরং সবার সঙ্গে অন্তর্ভুক্তিমূলক সম্পর্ক গড়ে তুলতে চায়।„ তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রসহ সব বন্ধুপ্রতিম দেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক জোরদারে আলোচনা অব্যাহত রয়েছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## আরো তিন কার্গো এলএনজি আমদানি করছে সরকার

আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ প্রক্রিয়ার মাধ্যমে স্পট মার্কেট থেকে তিন কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এলএনজি আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। সিঙ্গাপুরের তিনটি প্রতিষ্ঠান থেকে এই এলএনজি আমদানি করতে ব্যয় হবে ২ হাজার ১৮৬ কোটি ৩৫ লাখ ৪৮ হাজার ২২৪ টাকা। বৃহস্পতিবার সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই এলএনজি আমদানির অনুমোদন দেওয়া হয়।

জানা গেছে, বৈঠকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রস্তাবের প্রেক্ষিতে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি-১০৫ (৩) (ক) অনুসরণ করে আন্তর্জাতিক কোটেশন সংগ্রহের মাধ্যমে স্পট মার্কেট থেকে ৩ কার্গো এলএনজি আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। চলতি বছরের ৮-৯ জুন, ৯-১০ জুন এবং ১৪-১৫ জুন সময়ে এসব এলএনজি দেশে আসবে। সিঙ্গাপুরভিত্তিক প্রতিষ্ঠান ভিটল এশিয়া প্রাইভেট লিমিটেড, বিপি সিঙ্গাপুর প্রাইভেট লিমিটেড এবং গানভর সিঙ্গাপুর প্রাইভেট লিমিটেড থেকে এই তিন কার্গো এলএনজি আমদানি করা হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ আসাদ)

## ধর্ষণে ১১ বছরের মাদ্রাসা ছাত্রী অন্তঃসত্ত্বা, ডাক্তারকে হত্যার হুমকি!

সম্প্রতি নেত্রকোনায় ১১ বছরের এক মাদ্রাসা ছাত্রীর অন্তঃসত্ত্বা হওয়ার ঘটনাকে কেন্দ্র করে দেশজুড়ে চরম উত্তেজনা বিরাজ করছে। এ ঘটনায় এবার সামনে এসেছে নতুন এক ভয়ংকর তথ্য। অভিযোগ উঠেছে, ঘটনার সত্যতা প্রকাশ করায় নারী চিকিৎসককে ধর্ষণ ও হত্যার হুমকি দেওয়া হয়েছে, যা নিয়ে জনমনে তীব্র ক্ষোভ প্রকাশ করেছে স্থানীয়রা। জানা গেছে, ভুক্তভোগী শিশুটি তার নানা বাড়ি থাকত এবং সেখানে স্থানীয় একটি মাদ্রাসায় পড়াশোনা করত। তার মা সিলেটে গৃহপরিচারিকার কাজ করেন। সম্প্রতি শিশুটি অসুস্থ হয়ে পড়লে তাকে স্থানীয় একটি বেসরকারি চিকিৎসাকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত সরকারি চিকিৎসক ডা. সায়মা আক্তার আলট্রাসনোগ্রাফির মাধ্যমে নিশ্চিত হন যে, শিশুটি সাত মাসের অন্তঃসত্ত্বা। ঘটনার ভয়াবহতা দেখে ডা. সায়মা আক্তার বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করেন। এরপর থেকেই শুরু হয় তাকে লক্ষ্য করে আক্রমণ। এক ভিডিও বার্তায় তিনি জানান, সত্য প্রকাশের পর থেকে তাকে অনলাইনে কুরুচিপূর্ণ মন্তব্য, সাইবার বুলিং এবং এমনকি প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে। ডা. সায়মার স্বামী মো. আসিফুল ইসলাম জানান, গণমাধ্যমে কথা বলার পর হুমকির মাত্রা আরও বেড়েছে। এমনকি তাদেরকে পেশাগত ক্ষতির ভয়ও দেখানো হচ্ছে। বর্তমানে এই চিকিৎসক দম্পতি চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন এবং আইন-শৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপ কামনা করেছেন। অভিযোগ উঠেছে, ওই মাদ্রাসার প্রতিষ্ঠাতা পরিচালক আমান উল্লাহ সাগর শিশুটিকে একাধিকবার ধর্ষণ করেছেন। ঘটনাটি জানাজানি হওয়ার পর অভিযুক্ত পক্ষ মোটা অঙ্কের অর্থের বিনিময়ে বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা চালিয়েছিল। তবে চিকিৎসকের দৃঢ় অবস্থানের কারণে তা সম্ভব হয়নি। ভুক্তভোগী শিশুটির মা বাদী হয়ে মদন থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলার পর অভিযুক্ত আমান উল্লাহ সাগর আত্মগোপনে চলে গেলেও, অবশেষে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে র‍্যাব। বর্তমানে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। পুলিশ প্রশাসন জানিয়েছে, চিকিৎসকের নিরাপত্তার বিষয়টি গুরুত্বের সাথে দেখা হচ্ছে এবং আইন-শৃঙ্খলা বাহিনী ঘটনার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করতে কাজ করছে। অভিযুক্তের কঠোর শাস্তির দাবিতে সরব হয়েছে স্থানীয় এলাকাবাসী ও মানবাধিকার কর্মীরা।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## সংরক্ষিত নারী এমপিদের ১০ জন ঋণগ্রহীতা, বিএনপির ৯

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ জন সংসদ সদস্যের মধ্যে ১০ জনের ঋণ ও দায়-দেনা রয়েছে, যা মোট নির্বাচিতদের ২০ শতাংশ। এসব ঋণগ্রহীতার মধ্যে কোটি টাকার অধিক ঋণ ও দায়-দেনা রয়েছে ৪ জনের, অর্থাৎ ২০ শতাংশের। শীর্ষ ১০ জন ঋণগ্রহীতার সবাই বিএনপি থেকে নির্বাচিত। সুশাসনের জন্য নাগরিকের (সুজন) বিশ্লেষণে এমন তথ্য উঠে এসেছে। ৫০ জন সংরক্ষিত নারী সংসদ সদস্যের হলফনামা বিশ্লেষণ করে এ তথ্য পেয়েছে সংস্থাটি। আজ বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী মিলনায়তনে সুজন আয়োজিত `ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত আসনের নবনির্বাচিত সংসদ সদস্যদের তথ্য উপস্থাপন, শীর্ষক সংবাদ সম্মেলনে এসব তথ্য তুলে ধরা হয়। সুজনের সম্পাদক ও প্রধান নির্বাহী ড. বদিউল আলম মজুমদারের সভাপতিত্বে ও সঞ্চালনায় সংবাদ সম্মেলনে তথ্য উপস্থাপন করেন সুজনের কেন্দ্রীয় সমন্বয়কারী দিলীপ কুমার সরকার। সুজনের বিশ্লেষণে বলা হয়, দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত আসনের প্রার্থীদের মধ্যে মোট ঋণগ্রহীতা ছিলেন ১৩ জন (২৬ শতাংশ)। অর্থাৎ দ্বাদশ জাতীয় সংসদের তুলনায় ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত আসনের নির্বাচিতদের মধ্যে ঋণগ্রহীতার হার কিছুটা হ্রাস পেয়েছে। এতে আরও বলা হয়েছে, শীর্ষ দশজন ঋণগ্রহীতা হচ্ছেন- বিএনপির সেলিমা রহমান, হেলেন জেরিন খান, শিরিন সুলতানা, নিপুণ রায় চৌধুরী, মারদিয়া মমতাজ, সাকিলা ফারজানা, সুলতানা আহমেদ, সানজিদা ইসলাম ও ফাহমিদা হক এবং জামায়াতে ইসলামীর সাবিকুন্নাহার।

### শীর্ষ ১০ জন উপার্জনকারী ও কোটিপতি ৪ জন

সুজন জানায়, সংরক্ষিত নারী আসনে বিজয়ীদের ১০ জন শীর্ষ উপার্জনকারীর সবাই বিএনপির। তারা হচ্ছেন- শামীম আরা বেগম স্বপ্না, জহরত আদিব চৌধুরী, সাকিলা ফারজানা, আন্না মিনজ, সুলতানা আহমেদ, সানজিদা ইসলাম, নিপুণ রায় চৌধুরী, বীথিকা বিনতে হোসাইন, হেলেন জেরিন খান ও সেলিমা রহমান। তাদের মধ্যে কোটি টাকার অধিক আয়কারী অর্থাৎ কোটিপতি চারজন হচ্ছেন- বিএনপি থেকে নবনির্বাচিত এমপি শামীম আরা বেগম স্বপ্না (৪ কোটি ২৬ লাখ ১০ হাজার ৫০৬ টাকা), জহরত আদিব চৌধুরী (৩ কোটি ১৭ লাখ ২৮ হাজার ৩৯৩ টাকা), সাকিলা ফারজানা (৩ কোটি ৭১ হাজার ১২৩ টাকা) এবং আন্না মিনজ (১ কোটি ১৩ লাখ ৩৩ হাজার ২৪৬ টাকা)। আবার

সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ জন সংসদ সদস্যের মধ্যে (নির্ভরশীলসহ) বাৎসরিক ৫ লাখ টাকা বা তার চেয়ে কম আয় করেন মাত্র ১৬ জন (২৬ শতাংশ)। আয়ের ঘর পূরণ না করা ৭ জনসহ এই সংখ্যা দাঁড়ায় ২০ জন (৪০%)। বছরে ৫ লাখ টাকা থেকে ২৫ লাখ টাকা আয় করেন ১৯ জন (৩৮%), ২৫ লাখ টাকা থেকে ৫০ লাখ টাকা আয় করেন ৫ জন (১০%), ৫০ লাখ টাকা থেকে ১ কোটি টাকা আয় করেন ২ জন (৪৭%) এবং ১ কোটি টাকার অধিক আয় করেন ৪ জন (৮%)। এছাড়া, ৫ লাখ টাকা বা তার চেয়ে কম আয়কারী ২০ জনের (আয়ের ঘর পূরণ না করা ৭ জনসহ) মধ্যে ১১ জনই (৫৫%) জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট থেকে নির্বাচিত। এতে বলা হয়, দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে নির্বাচিতদের মধ্যে স্বল্প আয়কারীর (৫ লাখ টাকার কম) হার ছিল ২৪% (১২ জন) এবং কোটি টাকার অধিক আয়কারীর হার ছিল ৪% (২ জন)। ত্রয়োদশ সংসদে তা দাঁড়িয়েছে যথাক্রমে ৪০% (২০ জন) ও ৮% (৪ জন)। বিশ্লেষণে দেখা যায় যে, ত্রয়োদশ জাতীয় সংসদে স্বল্প আয়কারীর হার যেমন বৃদ্ধি পেয়েছে, অধিক আয়কারীর হারও তেমনই বৃদ্ধি পেয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা ও পেশা**

সুজন জানায়, সংরক্ষিত নারী আসনের ৫০ জন সংসদ সদস্যের মধ্যে ৭৮ শতাংশ উচ্চশিক্ষিত (স্নাতক ও স্নাতকোত্তর)। তাদের মধ্যে ৩০ জন স্নাতকোত্তর, ১৪ জন স্নাতক, দু-জন এইচএসসি পাশ, একজন এসএসসি ও দু-জন স্বশিক্ষিত। এছাড়া, ১ জন শিক্ষাগত যোগ্যতার তথ্য প্রদান করেননি। এছাড়া, সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ জন সংসদ সদস্যের মধ্যে ১৫ জন পেশায় আইনজীবী। ১০ জনের পেশা ব্যবসা, চারজনের শিক্ষকতা। এছাড়াও, ১ জন চাকরিজীবী ও ৫ জন গৃহিণী। ৬ জনের পেশা রাজনীতি। এছাড়াও, ৮ জন বিভিন্ন পেশার সঙ্গে সংশ্লিষ্ট। ৩ জন পেশার ঘর পূরণ করেননি। সংবাদ সম্মেলনে আরও বক্তব্য রাখেন সুজনের ঢাকা মহানগর কমিটির ভারপ্রাপ্ত সভাপতি ক্যামেলিয়া চৌধুরী এবং সদস্য সজল ঘোষ।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৫.২০২৬ এলিনা)

## দাম কমেছে জেট ফুয়েলের

মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতির কারণে গত দুই মাসে তিন দফায় বাড়ানোর পর উড়োজাহাজের জ্বালানি বা জেট ফুয়েলের দাম কিছুটা কমিয়েছে সরকার। এতে এক লাফে প্রায় ২২ টাকা কমানো হয়েছে। বৃহস্পতিবার এক বিজ্ঞপ্তিতে দাম কমানোর বিষয়টি জানিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন। এতে মে মাসের জন্য লিটারপ্রতি জেট ফুয়েলের দাম ২১ টাকা ৬৩ পয়সা কমানো হয়েছে এবং জেট ফুয়েলের নতুন এই দাম রাত ১২টা থেকে কার্যকর হবে। বিইআরসি জানিয়েছে, দেশের ভেতরে ফ্লাইট পরিচালনার জন্য জেট ফুয়েলের লিটারপ্রতি দাম নির্ধারণ করা হয়েছে ২০৫ টাকা ৪৫ পয়সা, যা গত মাসে ছিল ২২৭ টাকা ০৮ পয়সা। অন্যদিকে, আন্তর্জাতিক ফ্লাইটের জন্য প্রতি লিটার জেট ফুয়েলের দাম ১ দশমিক ৪৮০৬ মার্কিন ডলার থেকে কমিয়ে ১ দশমিক ৩৩৮৫ ডলার নির্ধারণ করা হয়েছে। বিইআরসি জানিয়েছে, ৫ এপ্রিল থেকে ৪ মে পর্যন্ত আন্তর্জাতিক বাজারে জ্বালানির প্রকাশিত প্ল্যাটস রেটের গড়, এলসি সেটেলমেন্টের ক্ষেত্রে ডলারের বিনিময় মূল্য এবং ডিজেলের মূল্য পরিবর্তনের ফলে কোস্টাল ট্যাংকার ও লরির পরিবহন খরচ- এসব বিষয় বিবেচনায় নিয়ে মে মাসের জন্য জেট ফুয়েলের এই নতুন দাম সমন্বয় করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ আসাদ)

## আরও ২ কোটি লিটার সয়াবিন তেল কেনার সিদ্ধান্ত

সরকার ২৮২ কোটি ৫৭ লাখ টাকা ব্যয়ে ইন্দোনেশিয়া থেকে দুই কোটি লিটার পরিশোধিত সয়াবিন তেল কেনার সিদ্ধান্ত নিয়েছে। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে বৃহস্পতিবার সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে বিষয়টির অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্রে জানা যায়, উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ২ কোটি লিটার পরিশোধিত সয়াবিন তেল ক্রয়ের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। ইন্দোনেশিয়ার পিটি ট্রিনিটি ছায়া এনার্জির কাছ থেকে এই তেল কিনতে মোট ব্যয় হবে ২৮২ কোটি ৫৭ লাখ ৫ হাজার টাকা। বাণিজ্য মন্ত্রণালয়ের এক প্রস্তাবের ভিত্তিতে এই তেল ক্রয়ের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। প্রসঙ্গত, বর্তমানে দেশে প্রতি লিটার বোতলজাত সয়াবিন তেল বিক্রি হচ্ছে ১৯৯ টাকায়। আর ৫ লিটারের বোতলজাত সয়াবিন তেল ৯৭৫ টাকা ও প্রতি লিটার খোলা সয়াবিন তেল ১৮০ টাকায় বেচা-কেনা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ আসাদ)

## ঈদ ঘিরে অপরাধ প্রতিরোধে সজাগ থাকতে হবে : ডিএমপি কমিশনার

আসন্ন ঈদুল আজহা উপলক্ষ্যে রাজধানীতে আইন-শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধে সর্বোচ্চ সজাগ থাকার নির্দেশ দিয়েছেন ঢাকা মহানগর পুলিশের ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার। বৃহস্পতিবার ডিএমপি সদরদপ্তরের সম্মেলন কক্ষে এপ্রিল মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভায় উপস্থিত ঊর্ধ্বতন কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি এ নির্দেশনা দেন। ডিএমপির ভারপ্রাপ্ত কমিশনার বলেন, ঈদ ঘিরে জাল টাকার চক্র, অজ্ঞান পার্টি, মলম পার্টি ও ছিনতাইকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। এসব অপরাধে জড়িতদের গ্রেফতারে অভিযান জোরদার করার নির্দেশ দেন তিনি। তিনি বলেন, পশুর হাটের আশপাশে যাতে যানজট সৃষ্টি না হয়, সেদিকে নজর রেখে ট্রাফিক পুলিশকে দায়িত্ব পালন করতে হবে। লঞ্চঘাট, বাস টার্মিনাল ও রেলস্টেশনে পুলিশি তৎপরতা বাড়ানোর পাশাপাশি ফুট পেট্রোল জোরদারের

নির্দেশও দেন তিনি। থানা এলাকায় মাদক উদ্ধার ও পরোয়ানাভুক্ত আসামি গ্রেফতারে অভিযান পরিচালনার তাগিদ দিয়ে ঢাকার পুলিশ প্রধান বলেন, কোনো ধরনের অপরাধ যাতে সংঘটিত না হয়, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ আসাদ)

## ঢাকায় হকারদের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নীতিমালা জারি

রাজধানীর ফুটপাত ও সড়কে দীর্ঘদিনের বিশৃঙ্খলা, যানজট ও পথচারীদের ভোগান্তি কমাতে প্রথমবারের মতো হকার ব্যবস্থাপনাকে নীতিমালার আওতায় নিয়ে এসেছে সরকার। বুধবার স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব মো. রবিউল ইসলামের সই করা পত্রে এ তথ্য জানানো হয়। ঢাকা শহরের হকার পুনর্বাসন নীতিমালা-২০২৬, শীর্ষক এ নীতিমালায় হকারদের নিবন্ধন, নির্দিষ্ট জোনে ব্যবসা পরিচালনা, হলিডে ও নৈশকালীন মার্কেট চালুসহ বিভিন্ন নির্দেশনা রাখা হয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, পরিকল্পিত ব্যবস্থাপনার মাধ্যমে একদিকে যেমন নগরীর শৃঙ্খলা ফিরবে, অন্যদিকে প্রান্তিক জনগোষ্ঠীর জীবিকাও সুরক্ষিত হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৫.২০২৬ আসাদ)

# BBC

## HANTAVIRUS-HIT CRUISE SHIP ON WAY TO CANARY ISLANDS AFTER THREE EVACUATED

Two people in a serious condition who were evacuated from a cruise ship with a confirmed outbreak of deadly hantavirus have arrived in the Netherlands for treatment, operator Oceanwide Expeditions has said. A third passenger in a stable condition was on board an evacuation flight that has been delayed, the operator added. The MV Hondius is now sailing towards Spain's Canary Islands after being anchored for three days near Cape Verde, an archipelago nation off the West African coast. The three evacuees were British, Dutch and German. (BBC News Web Page: 07/05/26, FARUK)

## CHINA ANNOUNCES SUSPENDED DEATH SENTENCES FOR FORMER DEFENCE MINISTERS

Two former Chinese defence ministers have been handed suspended death sentences on corruption charges, according to state media. A military court on Thursday sentenced Wei Fenghe and Li Shangfu to death with a two-year reprieve. This means their death sentences will be commuted to life imprisonment after two years, without the possibility of sentence reduction or parole, Xinhua reports. Both men were both found guilty of bribery, and all of their personal assets were confiscated. The announcement follows the recent ousting of several top military figures in the country amid a sweeping anti corruption crackdown.
(BBC News Web Page: 07/05/26, FARUK)

## THREE WOMEN LINKED TO ISLAMIC STATE ARRESTED IN AUSTRALIA ON RETURN FROM SYRIA

Three women with links to the jihadist Islamic State (IS) group have been arrested on returning home to Australia following years in detention in Syria. All are Australian citizens. Police said they arrested two of them - Kawsar Abbas, 53, and Zeinab Ahmed, 31, - on arrival in Melbourne. Janai Safar, 32, was arrested after landing in Sydney. A fourth woman in the party, which includes nine children, was not arrested. The group are the subject of heated political debate in Australia, with the government saying it would give them no help to return. The children - thought to be aged from about six to their mid-teens - are to get psychological support and be assessed for possible radicalization.
(BBC News Web Page: 07/05/26, FARUK)

## IRAN CONSIDERING US PROPOSAL AS TRUMP SAYS WAR WILL BE 'OVER QUICKLY'

US President Donald Trump has predicted that the war in Iran will be "over quickly" and says that most people "understand" his goal of ending Tehran's nuclear ambitions. His comments come after Iran said a US proposal to end the war is "still being considered". US news outlet Axios reported that the White House believes it could be closing in on a 14-point memorandum of understanding with Iran, which could set a framework for more detailed nuclear negotiations. A senior member of Iran's parliament has dismissed it as a "wish list", while a foreign ministry spokesman said Tehran would share its views of a US proposal with Pakistani mediators. Pakistan's foreign minister said his country was "endeavouring to convert this ceasefire into a permanent end to this war".
(BBC News Web Page: 07/05/26, FARUK)

**SHELL LATEST OIL GIANT TO SEE PROFITS SURGE DUE TO IRAN WAR IMPACT**

Shell has become the latest energy giant to report a jump in profits following the sharp increase in oil prices since the beginning of the Iran war. It reported profits of $6.92bn for the first three months of the year, which was higher than analysts had expected and up from $5.58bn in the same period a year earlier. The price of oil has soared since the start of the US-Israel war with Iran as the key Strait of Hormuz, which usually carries about 20% of the global supplies of oil and liquid natural gas (LNG), has been effectively closed. Last week, rival oil giant BP said its profits for the first three months of the year had more than doubled. (BBC News Web Page: 07/05/26, FARUK)

**N. KOREA SAYS IT IS NOT BOUND BY ANY TREATY ON NUCLEAR NON-PROLIFERATION**

North Korea's envoy to the United Nations has declared that Pyongyang will not be bound by any treaty on atomic weapons and that no external pressure will change its status as a nuclear-armed state. Ambassador Kim Song's statement - carried by state media on Thursday - came as the United States and other countries criticized North Korea's nuclear programme at the ongoing UN conference reviewing the Nuclear Non-Proliferation Treaty (NPT). Pyongyang withdrew from the NPT in 2003 and has since conducted six nuclear tests, promoting multiple UN Security Council sanctions. The country is believed to hold dozens of nuclear warheads. (BBC News Web Page: 07/05/26, FARUK)

**TOP BJP LEADER'S AIDE SHOT DEAD IN VIOLENCE AFTER INDIAN STATE ELECTION**

The aide to a top leader from Indian Prime Minister Narendra Modi's party has been shot dead in violence that broke out after elections in West Bengal state. Chandranath Rath was personal assistant to Suvendu Adhikari, seen as the front-runner to become the state's new chief minister after the Bharatiya Janata Party (BJP) won the vote. Rather was on his way home on Wednesday night when he was killed. Police are investigating but haven't made any arrests yet. Rather is among at least three people killed in the eastern state since Monday when results were announced. Police said before Rath's death that they had arrested more than 400 people in connection with incidents of violence and intimidation. Violence is not uncommon in West Bengal after elections, with clashes often breaking out between rival party workers. (BBC News Web Page: 07/05/26, FARUK)

**MSF ACCUSES ISRAEL OF MANUFACTURING A MALNUTRITION CRISIS IN GAZA**

Israel has manufactured a malnutrition crisis in the besieged Gaza Strip by restricting deliveries of food and aid, causing severe harm to pregnant women and newborns, according to medical charity Doctors Without Borders, known by its French initials MSF. MSF said in an analysis of medical data published on Thursday that Israel's severe restrictions on supplies of essential goods and its attacks on civilian infrastructure had led to rising levels of malnutrition among pregnant women, increasing the likelihood of premature births. The charity also found higher mortality rates among babies born to mothers affected by malnutrition. The MSF analysis is based on incidents that occurred at four health facilities in Gaza that were either administered or supported by MSF between late 2024 and early 2026. (BBC News Web Page: 07/05/26, FARUK)

## :: THE END ::